

চিন্ময়ী

সরস্বতী পূজা সংখ্যা - ২০১৯
ফেব্রুয়ারি ২০১৯ / মাঘ ১৪২৫



BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY
BANGLADESH CANADA HINDU MANDIR
TORONTO, CANADA

বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরন্টো, কানাডা



Saraswati Puja Celebration Committee 2019 (Bani Archana Parishad)-2019

President	: Choa Saha
Vice President	: Aungkan Dutta, Utsab Saha, Himadri Sarker
General Secretary	: Alok Ghosh
Asst. Secretary	: Shoptodeep Purkayastha, Ryan Dey, Devyajyoti Roy
Finance Committee	: Abeer Das, Nirjhar Dey, Sourav Purkayastha, Kabbya Paul
Cultural Committee	: Niloy Roy, Arunima Chakraborty, Arnab Nath, Bondhon Dey Choudhury, Avik Dutt, Monisha Dey Choudhury, Krishti Dey, Prithwi Shome, Soham Chakraborty
Creative Committee	: Shownak Saha, Utsha Roy, Arpita Ghose, Rupkatha Das, Sarbabhouma Roy, Swapnil Saha, Devi Paul, Hridi Paul, Utsha Roy (Senior), Anamika Bhowmik, Romit Das
Puja & Ritual Committee	: Dipayan Halder, Devarya Roy, Prithviraj Banerjee, Samantha Purkayastha, Riti Pramanik, Adrija Sarker, Aditi Biswas
Publication Committee	: Aurgha Dhar, Rhitojahnvi Singha, Rupayan Halder, Anuva Nath, Sam Paul
Cleaning & Environment	: Deepyaman Bhowmik, Sheshanth Das, Anirvan Das, Smriti Pramanik, Swapnil Saha, Aheer Parial, Dev Mukherjee, Nivadita Roy, Debosmita Banerjee, Aarya Biswas, Animesh Chowdhury
Advisory	: Dia Sanyal, Sulov Deb, Sufol Deb, Supreeya Banik, Mugdha Roy, Bondhon Roy, Saikat Paul, Debashish Roy, Jishnu Chatterjee, Kristi Dey, Riti Pramanik, Rajosreepaul, Adri Saha, Adrija Banik, Rhidita Saha
Members	: Utsha Roy (Junior), Aronno Das, Arth Das, Sejuti Saha, Raj Biswas, Pion Das, Shaptarshi Das, Ashmita Saha, Parijat Singha, Priya Roy, Priyangkar Ghosh, Arnab Majumder, Shuvro Majumder, Aritra Paul, Udichi Paul, Srijaan Paul, Sukanya Paul, Rupanti Roy, Rupkatha Roy, Bapon Roy, Diya Roy, Sananda Chowdhury, Bitan Chowdhury



SARASWATI VANDANA

ওঁ ভূৰ্ভুবঃ স্বঃ ভগবতী শ্রীশ্রীসরস্বতী দেবি স্বকীয় গণসহিতে ইহা গচ্ছ, ইহা গচ্ছ, (আবাহনী মুদ্রায়),
 ইহতিষ্ঠ ইহতিষ্ঠ (স্থাপনি মুদ্রায়), ইহ সন্নিধেহি (সন্নিধাপনি মুদ্রায়);
 ইহ সন্নিরুধ্যস্ব (সন্নিরোধনী মুদ্রায়), অত্রাধিষ্ঠানং কুরু (সম্মুখীকরন মুদ্রায়), মমপূজাং গ্রহাণ।
 ওঁ স্থাং স্থীং স্থিরো ভব, যাবত পূজাং করোম্যহম্।

Om Bhurbhubaswa bhagabati Shri Shri Saraswati Devi Sakiya ganasahitey
Eha agachya, eha agachya (abahani, welcome) |
Eha tishtha, eha tishtha (sthapani, sit),
Eha sannidehi (sannidhapani, settle down)
Eha sannirudhaswa (sannirodhani, come close),
Atradhithanam kuru (sammukhikarana, establishing),
Mama pujan grihana (pray with folded hands) ||
Om stham sthim sthiro bhava jabat pujam karyomaham |

Oh the Goddess of the universe Saraswati, you are welcome you are welcome, sit here,
 settle down, come close, and get established and receive my worship.
 Stay settled here with me as long as I do the worship.

Welcome

to all devotees, parents, guests & well-wishers
 on the occasion of

Sree Sree Saraswati Puja 2019

&

14th Annual Founding Ceremony of the
 Bangladesh Canada School of Hinduism & Cultural Studies

ESTD: 2005

A permanent educational establishment of
 Bangladesh Canada Hindu Cultural Society

&

Bangladesh Canada Hindu Mandir

Bangladesh-Canada School of Hinduism and Cultural Studies is an institution which aims at spreading the teaching and principles of Hinduism and promoting rich traditions and hertiage of the Bangla language and cultural to the new generations of Bangladeshi Canadians growing up in multi cultural Canadian society.

বাংলাদেশ কানাডা স্কুল অব হিন্দুয়িজম এন্ড কালাচারাল স্টাডিজ এমন একটি শিক্ষা প্রতিষ্ঠান যার লক্ষ্য হিন্দুধর্মের মূলনীতি, আর সেই সাথে বাংলা ভাষা, সংস্কৃতি ও ঐতিহ্যের চেতনাকে কানাডার বহুবিচিত্র সংস্কৃতির মধ্যে বেড়ে ওঠা আমাদের পরবর্তী প্রজন্মের কাছে সঠিকভাবে তুলে ধরা।



বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দিরের নিজস্ব ভবন
Own Building of Bangladesh Canada Hindu Cultural Society & Bangladesh Canada Hindu Mandir



বাংলাদেশ কানাডা স্কুল অব হিন্দুয়িজম এন্ড কালচারাল স্টাডিজ
Bangladesh Canada School of Hinduism & Cultural Studies

16 Dohme Avenue
East York, Toronto, ON M4B 1Y9
Tel: (416) 693-4444
e-mail: bchcs.bchm@gmail.com
www.hindumondir.org



BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

Few words from EC for Mini Chinmoyee of Saraswati Puja 2019

Dear students and community members,

Saraswati Puja of Bangladesh Canada Hindu Mandir (BCHM) and Bangladesh Canada Hindu Cultural Society (BCHCS) is another big and important event. We celebrate this event very traditionally. In this event we provide platform to our beloved children so that they can be introduced as our future leader. We want our children to be focussed and their abilities to be tested by providing specific tasks and responsibilities. Our Saraswati Puja Celebration Committee represented by our children. We want them to take initiative, active roles, responsibilities and manage this event successfully. The Executive Committee (EC) of the temple guide and co-operate them in all the way. At the same time, we create the full devotional environment so that all our respected devotees can pay their full respects and prayer to Maa Saraswati and enjoy the puja environment like every other event.

We involve our children to arrange this puja for two reasons. First, this is our "Sonaton" tradition. Also the children should realize that we celebrate "Saraswati Puja" mainly for their own success in life. Second, we need to create new leadership to pass the torch.

To keep everyone involved and engaged, we usually organize this event in such a way that meets the necessity of every age and every member of the community. We value and optimize the mythological aspects, religious emotions as well as community engagement according to our devotee's requirement. We arrange frequent "Pushpanjoli" for our devotees, competitions for our children, cultural program for all and many more.

Those who are in the Saraswati Puja Celebration Committee 2019 and taking active roles in organizing this Puja on Saturday, February 09, 2019, you already experienced that organizing, managing and successfully completing this event is full of challenges. This is very tedious job and involves great responsibilities and commitments. This is your first practical training on how to handle challenges, managing children, various logistics of an event and many more. This will definitely enhance your practical skills relating to work with people.

Finally, thanks to all devotees, parents, guardians and community volunteers for their hard work to prepare our children for this event, help throughout the processes to make this event successful and for their valuable contributions of all forms for BCHM and BCHCS.

**"Saraswati Namasthubhyam, Varade Kamarupini, Vidhyarambam Karishyami,
Siddhir Bavathume Sadha"**

On behalf of the Executive Committee,

Bijit Roy and Borendra Sanyal



**BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY
BANGLADESH CANADA HINDU MANDIR
TORONTO, CANADA**

Message From Board of Trustee

For Special Edition of Chinmoyee - Saraswati Pooja 2019

Dear Students, Respected Devotees and Community Members,

It is our great pride and pleasure to proclaim the students of Bangladesh Canada School of Hinduism and Cultural Studies have been continuing to organize Saraswati Pooja since it established. It was one of the principal agenda of BCHCS and BCHM to establish a school and teach our kids language, art, culture and tradition. So, like previous years, they are taking all responsibilities to organize Saraswati Pooja through a committee "Saraswati Pooja Celebration 2019". Now, students' leadership, volunteerism, contribution and success stories are all noticeable in our community.

Mata Saraswati is not only the Goddess of Knowledge, but also Goddess of Education, Music, Dance and Wisdom. Mata Saraswati is worshipped since ancient times and mentioned in the holy Vedas. Education and Knowledge are the power of all success. We should worship Mata Saraswati everyday to achieve our goal and prosperity.

Thanks everyone who are contributed directly or indirectly to make the program success. Special thanks to our parents and guardians who kept their kids focused to write poems, stories, drawings and organizing their responsibilities.

Our Devotees our power and our Volunteers our backbone.

Best Wishes,

On Behalf of Board of Trustee,

Rajat Kanti Paul
Chairman

Dilip K. Halder
Secretary



BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

Message from School Secretary

We are very delighted and happy that our kids living far away from the origin of their back home culture still trying to get the flavour of Bengali culture in Toronto. Like every year this year also our students are organizing Saraswati Puja with much enthusiasm. Maa Saraswati is the Goddess of knowledge, education, music and wisdom. That's why in Hindu culture all students actively participate to celebrate this occasion. Back home in each and every educational institution students celebrate Saraswati Puja, students keep their books in front of the idol and pray to Goddess for their success in students' lives. This day is a school holiday in back home. Here in Toronto our students also arranged to show their homage to MaaSaraswati on BoshantPanchami, the specific day for Puja.

Every event always has people from behind the scenes that do the dirty work for it to be successful. Like the roots of tree, it's very encouraging that students from our "Bangladesh Canada School of Hinduism and Cultural Society" made their own "Saraswati Puja Celebration Committee, 2019" for proper distribution of work to make the celebration more participatory and successful. Each and every students of the school is in the committee with some responsibilities. Definitely Maa Saraswati will look after then and fulfil their wish and dream of success. They are also arranging a very nice cultural function in the evening with but not limited to lots of music, dance drama and instrumental performances. There are competitions on Arts, Poem recitation, and Extempore Speech among the students, open for any student during daytime. This year students are focussing on growing our awareness to maintain clean environment by installing a new disposal system (separating compost from the plates). The whole arrangement is made to accommodate any one of the community to come, enjoy with lots of fun and have taste of delicious vegetarian prosadam.

"Chinmoyee", the annual magazine is one of the activities that students do, published every year on Saraswati Puja, also this is the day of our "School Anniversary". Here our kids write their thinkings about anything they like to share with peers.

Thanks to all students, parents, devotees, EC and Board of Trustee Members and Sponsors who helped and contributed to make this event and the publication of mini "Chinmoyee" successful.

Nomoshker

Ashis Das
School Secretary



BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA



On the auspicious day of Saraswati Puja, the teachers, students of the school of Hinduism and Executive committee of Bangladesh Canada Hindu Mandir, grew together to success the Saraswati Puja 2019. I truly appreciate the time & energy that they have dedicated throughout the year to ensure the success of all events.

I would like to acknowledge all of our school students, parents, and guardians for making this year Saraswati Puja successful. As for me, this year has been a wonderful experience. I am also thankful to the BCHM Executive committees & School of Hinduism for giving the opportunity as a President and inspiring me to run this great organization. I hope I have met & exceeded your expectations by the blessings of my Guruji Sree Shyamal Bhattacharjee. I also hope that this has motivated our future generations to get more involved with School of Hinduism.

The Saraswati Puja is one of the many festivals that the Hindus celebrate all over the world. It is the festival which is celebrated in honour of the Goddess of Learning Saraswati. Saraswati Puja is celebrated across the globe by the Hindus. This festival is also known by the name of the Sri Panchami festival and is observed on the fifth day of the spring festival on a full moon day in the month of Magh. Students worship this goddess with great joy.

Saraswati is the goddess of knowledge and wisdom. Students in all over the world celebrate this day in almost all schools and colleges. Students place books near the goddess statue. Students also learn spiritual knowledge, amity and leadership through our great religious Institution School of Hinduism.

I am very glad to see the variety of contributors. It was not just a handful of people who were contributing in the past. Our goals cannot all be met within a single year. However, with our tremendous amount of collective enthusiasm and commitment, we are eager to begin our effort.

“Alone we can do so little, together, we can do so much.” -Hellen Keller

Sincerely,

Choa Saha

President

Saraswati Puja Celebration Committee-2019



BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

My Gratitude to Everybody's Devotion

This is my first year joining the Bangladesh Canada Hindu Mandir student committee. I am truly honored, being the General Secretary this year.

I would like to thank our students, parents, guardians for having the dedication, giving us time and making this Saraswati Puja 2019 an incredible achievement at Bangladesh Canada Hindu Mandir. I also thank our BCHM Executive Committee who has worked a lot for this Saraswati Puja and Guided many of the new student committee members like me.

Saraswati is the Hindu goddess of knowledge, music, art, wisdom, and learning. She is the Goddess of arts who induces blessings to thousands of musicians, dancers, artists, writers and other professionals. She is the creativity that flows in the borderless realm of human mind. She is the humbleness that manifests in us. She is the serenity we crave for. She is the simplicity that enhances our personality. She is the contentment we need, the generosity we possess. She is Saraswati, the wisdom personified. Regular chanting of Saraswati mantra improves speech, memory and concentration in studies. Maa Saraswati is Devoted all around the world.

**“Om, Saraswati Mayaa Drista, Veena Pustaka Dharnim Hans Vahini
Samayuktaa Maa Vidya Daan Karotu Me, Om”**

Alok Ghosh

General Secretary

Saraswati Puja Celebration Committee-2019



সূচিপত্র

বিষয়	লেখক	পৃষ্ঠা
বিদ্যালয়ে বিদ্যার পূজা কেন করি	অধ্যাপক সুরজিৎ রায় মজুমদার	১১
Hindu Temple in Relation to Human Dignity	Nani Gopal Debnath	১৩
Impact of Social Media in Our Lives	Abeer Da	১৫
Our Expectations as Parents of the Sunday School at Bangladesh Canada Hindu Cultural Society & Mandir	Lucky Sarker	১৬
সন্তানের উচ্চশিক্ষা ও পরিবারের ভূমিকা কানাডার প্রেক্ষাপটে	ড. কাঞ্চন পুরোহিত	১৭
দেবী সরস্বতী জ্ঞান বুদ্ধি চেতনা দিয়ে আমাদের বিবেক জাগ্রত করুন	ডা. সুব্রত ঘোষ	১৮
দেবী সরস্বতীর মহিমার সঙ্গে জড়িয়ে আছে নারীজাতির গুচিতা	হরপ্রসাদ সেনশর্মা	২০
বিদ্যাদেবী শ্রীশ্রীসরস্বতী	শ্রীগৌরমোহন দাস	২৯
বিদ্যার দেবী সরস্বতীর বাহন হংস কেন?	পার্থপ্রতিম আচার্য	৩১
আমার বাল্যস্মৃতি	শ্যামল ভট্টাচার্য	৩২
সবার প্রতি	শ্যামল ভট্টাচার্য	৩৩
কবিতা		
পৌষ পার্বণ মেলা	পিংকী চৌধুরী	৩৪
প্রবাস জীবন	পিংকী চৌধুরী	৩৪
Worship of Guru (Spiritual Teacher)	New Age Purohit Darpan	৪০
Welcome to Gayatri	New Age Purohit Darpan	৪২
সনাতনী ও সাংস্কৃতিক শিক্ষাসূচী	-	৪৪

Publishers	: Bangladesh Canada Hindu Cultural Society Bangladesh Canada Hindu Mandir Toronto, Canada 16 Dohme Ave., Toronto, ON. M4B 1Y9 Phone: (416) 693-4444
Published Date	: February 2019
Cover	: Arunima Chakraborty (Joyeta)
Graphics & Printing	: Sufala Printers 49/4-A R K Mission Road Dhaka-1203, Bangladesh Cell: +880 1715 295843 Email: sufala.printers@gmail.com

বি: দ্র: এ সংখ্যায় প্রকাশিত প্রবন্ধ, অন্যান্য লেখা ও মতামতের জন্য সম্পাদক দায়ী নন।

কৃতজ্ঞতা স্বীকার: সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার পেছনে যারা আমাদের আর্থিক, কায়িক, নৈতিক এবং সার্বিক সমর্থন দিয়েছেন ও সহযোগিতা করেছেন তাঁদের সকলের প্রতি জানাই কৃতজ্ঞতা।



বিদ্যালয়ে বিদ্যার পূজা কেন করি

অধ্যাপক সুরজিৎ রায় মজুমদার

বিদ্যার দেবী সরস্বতী। ঐতিহ্যগতভাবেই বিদ্যা দেবীর আরাধনা বিদ্যালয়েই হয়ে থাকে। ভারতীয় সভ্যতার সুপ্রাচীন ধারা অনুসারেই তা হয়ে আসছে। বর্তমান সময়ে সারা পৃথিবীতে সনাতন ধর্মাবলম্বীরা সরস্বতী পূজা উদ্‌যাপন করে থাকে। যেহেতু বিদ্যাদেবীর পূজা, তাই বিদ্যার্থী ছাত্রছাত্রীগণ বিদ্যালয়েই এই পূজা আয়োজন করে। এটা নতুন কিছু নয়।

প্রায় পাঁচ হাজার বছর আগে ঋক্ বেদে সরস্বতী দেবীর নাম প্রথম উল্লেখ থাকতে দেখা যায়। ধারণা করা হয় যে এটি ছিল একটি প্রবাহমান নদী। প্রশ্ন হল নদীর নাম বিদ্যা দেবীর নাম হয়ে গেল কি করে? কি করে হল তা বুঝতে গেলে হিন্দুধর্মের একটা বিশেষ দিক আমাদেরকে আগে বুঝতে হবে। শুরু থেকেই হিন্দুদের ধর্মীয় নেতারা মানুষের কল্লনা শক্তি, সৃজনশীলতাকে অনেক উচ্চ মূল্য দিয়েছেন। সৃষ্টিশীলতা সবসময় স্বতঃস্ফূর্ত, স্বাধীন। মানুষের এই চিন্তার স্বাধীনতা হিন্দুধর্মের ব্যবস্থাপকেরা সবসময় ইতিবাচক বলে মনে করেছেন। তারা এতটাই জ্ঞানী ছিলেন যে তাঁরা মানুষের এই স্বাধীন সৃষ্টিশীলতাকে বাধাগ্রস্ত করেননি, দমন করেননি। তাঁরা একটি সাধারণ সূত্র দিয়েছেন। তারপর বলেছেন, এই পথে এখন তুমি তোমার পছন্দের ঈশ্বর কল্লনা করে নাও, অর্থাৎ ‘সৃষ্টি করে নাও’ এবং উপাসনা কর।

একটা খুব সহজ উদাহরণ দেয়া যাক— ঈশ্বর সর্বশক্তিমান। প্রাচীনকালে যখন যন্ত্র ছিল না, তখন হাত ছিল শক্তির উৎস। এতে কিছু মানুষ কল্লনা করে নিল যে তাদের ঈশ্বর অনেক হাতওয়ালা। কেউ ভাবল, তাদের ঈশ্বর তাদের লালন করবে, ভালোবাসবে। অর্থাৎ সে মায়ের মত। আবার কেউ ভাবল, তাদের ঈশ্বর শত্রু থেকে রক্ষা করবে। তাই সে যোদ্ধার মত। ব্যাস। সৃষ্টি হল দুর্গাদেবী। পূজা করাও শুরু হল ধুম-ধামে। এইভাবে কাকে উপাসনা করব, তা নিজেই বানিয়ে নেব, এই ক্ষমতা এবং স্বাধীনতা একমাত্র হিন্দুধর্ম ছাড়া আর কোন ধর্ম মানুষকে দেয়নি। মানুষকে সবকিছুর উপরে যে প্রাধান্য দেয়, তাকে বলে মানবতাবাদী। এই অর্থে হিন্দুধর্মই বিশ্বে মানবতাবাদ (Humanism)-এর প্রথম দৃষ্টান্ত। অনেকেই এই বিষয়টি তলিয়ে দেখেন না। আর হিন্দুরা যখন পূজা করার জন্যে প্রতিমা তৈরি করল, বা ছবি আঁকল, তখন সেটি হল মানুষের তৈরি প্রথম শিল্পকর্ম। এই যে

নৈরব্যাক্তিক ধারণা থেকে একটি বস্তুগত প্রতীক বা প্রতিমা তৈরি করা, এটি মানুষের একটি উচ্চাঙ্গের সৃষ্টিশীলতার বহিঃপ্রকাশ। হিন্দুধর্ম মানুষকে এই সৃজনশীলতা চর্চার সর্বপ্রথম সুযোগ তৈরি করে দিয়েছে।

তাহলে দেখা যাচ্ছে যে দেবদেবীদের ধারণার সাথে সেই শুরু থেকেই কিছু প্রতীকী বিষয় জড়িয়ে থেকেছে। মানুষের সহজাত সৃষ্টিশীলতা প্রতিনিয়ত ধারণার প্রতিরূপ হিসেবে বস্তুগত প্রতীক এবং বস্তুর বিকল্প হিসেবে ধারণাগত বা উপলব্ধিগত প্রতীক সৃষ্টি করে চলেছে। যেখানে বস্তু ও ধারণার মধ্যে একটা তুলনীয় গুণ থাকে, সেখানে মানুষ প্রতীক বা চিত্রকল্প ব্যবহার করে। যেমন, জীবনে সুখ আছে, দুঃখ আছে, আবার যুদ্ধেও জয় আছে, পরাজয় আছে। তাই জীবনের প্রতীক হিসেবে আমরা যুদ্ধের উল্লেখ করি; বলি জীবন যুদ্ধ বা জীবন সংগ্রাম। এটাই মানুষের মৌলিক সৃজনশীলতা। এটা আছে বলেই মানুষ উদ্ভাবনী হয়, কৌতূহলী হয়, প্রশ্ন করে, উত্তর খোঁজে, জ্ঞানের এক স্তর থেকে উন্নত স্তরে উপনীত হয়।

মানুষকে সবকিছুর উপরে যে প্রাধান্য দেয়, তাকে বলে মানবতাবাদী। এই অর্থে হিন্দুধর্মই বিশ্বে মানবতাবাদ (Humanism)-এর প্রথম দৃষ্টান্ত।

স্বাভাবিক অবস্থায় জলকে আটকে রাখা যায় না। সতত বহমান। আর মানুষের চেতনা, জ্ঞান, অনুসন্ধিৎসা, সৃজনশীলতা, বিদ্যা এগুলোও চলমান। সুতরাং নদী আর মানুষের চেতনাপ্রবাহের মধ্যে অভিন্ন গুণ হোল বহমানতা। তাই বৈদিক যুগে সরস্বতী নদীর নাম থাকলেও কালে কালে তা বিদ্যাদেবীর নাম হয়ে যেতে আর অসুবিধা হয়নি।

এ প্রসঙ্গে একটা কথা বলে রাখি যে হিন্দুধর্মের মূল বিষয় সেই জ্ঞান অর্জন। প্রমাণ হল বেদ। হিন্দুদের মূল ধর্মগ্রন্থ। যার অর্থ জ্ঞান। ‘বেদ’ শব্দটি এসেছে সংস্কৃত ‘বিদ’ ক্রিয়ামূল থেকে যার অর্থ ‘জানা’। বিদ্যা শব্দের মূলও ঐ বিদ। জ্ঞান, জ্ঞানী, চেতনা, উপলব্ধি এবং এরকম আরও নানান শব্দ বোঝানোর জন্যে আমরা ঐ ‘বিদ’ থেকে আসা বিভিন্ন শব্দই ব্যবহার করি। সে যাই হোক, বলছিলাম সৃজনশীলতা নিয়ে। প্রাচীন মহাজ্ঞানী

ঋষিগণ বুঝেছিলেন যে, চেতনাকে আটকে দিলে, চেতনা বন্ধ হয়ে গেলে যেমন মানুষের মৃত্যু ঘটে, তেমনি মৌলিক সৃজনশীলতায় কৃত্রিম বাধা আরোপ করে কোন ধর্ম প্রগতিকে ধারণ করতে পারবে না, যুগের সাথে তাল মিলিয়ে চলতে পারবে না, অচল হয়ে পড়বে, এবং একসময় বিলুপ্ত হয়ে যাবে। তাঁরা বুঝেছিলেন প্রশ্ন থামান যাবে না, কৌতূহল দমন করা যাবে না, সৃজনশীলতা বাধাগ্রস্ত করা যাবে না। কারণ এটাই স্বাভাবিক।

আর যা স্বাভাবিক, প্রাকৃতিক, কৃত্রিম নয়, সবসময়ের জন্য সত্য এবং স্বাস্থ্য, তাই হল সনাতন, তাই হল হিন্দুধর্ম। এটি



কোন কৃত্রিম মতবাদ নয়। কৃত্রিম মতবাদ আসে আবার শেষ হয়ে যায়। কিন্তু যা স্বাভাবিক, স্বাস্থ্য, সনাতন তা চিরকাল টিকে থাকে। ঋষিরা তাই সৃজনশীলতার পক্ষে থাকলেন। তাঁরা বললেন, তোমরা নিষ্ঠার সাথে, জ্ঞানের প্রতি শ্রদ্ধাশীল হয়ে প্রশ্ন কর, জ্ঞান অনুসন্ধান কর। এই প্রসঙ্গে শ্রীমদ্ভগবদ্গীতার ৪র্থ অধ্যায়ে ৩৩-৩৪নং শ্লোকে বর্ণিত—

শ্রৈয়ান্ দ্রব্যময়াদ্ যজ্ঞাজ্ঞানযজ্ঞঃ পরন্তপ ।
সর্বং কমাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে ॥ ৪/৩৩
তদ্ বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া ।
উপদেশ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ॥ ৪/৩৪

এভাবে প্রশ্ন করে উৎসাহিত করলেন।

তাঁরা বললেন, গন্তব্য একটাই। পথ অনেকগুলো রয়েছে। তুমি তোমার পছন্দ মত পথ বেছে নাও। এই প্রসঙ্গে শ্রীমদ্ভগবদ্গীতার ৪র্থ অধ্যায়ে ১১নং এবং ৭ম অধ্যায়ে ২১-২৩নং শ্লোকে বর্ণিত—

যে যথা মাং প্রপদ্যন্তে
তাংস্তথৈব ভজাম্যহম্ ।
মম বর্তমানুবর্তন্তে
মনুষ্যাঃ পার্থ সর্বশঃ ॥ ৪/১১
যো যো যাং যাং তনুং
ভজঃ শ্রদ্ধয়াচিৎসিচ্ছতি ।
তস্য তস্যাচলাং শ্রদ্ধাং
তামেব বিদধাম্যহম্ ॥ ৭/২১

স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যারাধনমীহতে ।
লভতে চ ততঃ কামানুয়ৈব বিহিতান্ হি তান্ ॥ ৭/২২
অন্তবত্ত্ব ফলং তেষাং তদ্ব্যবত্যাগমেধসাম্ ।
দেবান্ দেবযজো যান্তি মন্ত্রজা যান্তি মামপি ॥ ৭/২৩

তবে দায়দায়িত্ব তোমার উপর উপর বর্তাবে, যেহেতু পছন্দের স্বাধীনতাও তোমার। কোন পথে গেলে সহজে পৌঁছাবে, হয়তোবা এক জন্মেই; আবার কোন পথে হয়ত দেরি হবে, কয়েক জন্মও লেগে যেতে পারে। এই প্রসঙ্গে শ্রীমদ্ভগবদ্গীতার ৬ষ্ঠ অধ্যায়ের ৪০-৪২নং শ্লোকে বর্ণিত—

পার্থ নৈবেহ নামুত্র বিনাশস্তস্য বিদ্যতে ।
ন হি কল্যাণকৃৎ কশ্চিদ্ দুর্গতিং তাত গচ্ছতি ॥ ৬/৪০
প্রাপ্য পুণ্যকৃতাং লোকানুষিত্বা শাস্বতীঃ সমাঃ ।
শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোহভিজায়তে ॥ ৬/৪১
অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্ ।
এতদ্ধি দুর্লভতরং লোকে জন্ম যদীদৃশম্ ॥ ৬/৪২

সুতরাং হিন্দুধর্ম প্রগতি, সৃজনশীলতা, চলমানতার সমার্থক।

প্রকৃতিতে সহজে চোখে পড়ে এরকম চলমান কি আছে? আছে বর্ণা, আছে নদীর বহমান ধারা। অর্থাৎ তরল বা জল। স্বাভাবিক অবস্থায় জলকে আটকে রাখা যায় না। সতত বহমান। আর মানুষের চেতনা, জ্ঞান, অনুসন্ধিৎসা,

সৃজনশীলতা, বিদ্যা এগুলোও চলমান। সুতরাং নদী আর মানুষের চেতনাপ্রবাহের মধ্যে অভিন্ন গুণ হোল বহমানতা। তাই বৈদিক যুগে সরস্বতী নদীর নাম থাকলেও কালে কালে তা বিদ্যাদেবীর নাম হয়ে যেতে আর অসুবিধা হয়নি।

মানুষের সৃজনশীলতার কারনেই তা হতে পেরেছে। আরও কতকগুলো ফ্যাক্টরও এখানে কাজ করেছে। নদীর পাবনে ভূমি উর্বর হয়, উৎপাদনশীলতা বাড়ে। জ্ঞানও সৃজনশীলতা আনে। নদীর জলপ্রবাহ সবকিছু ধুয়ে-মুছে ক্রেদুজ্ঞ করে, শুদ্ধ পবিত্র করে দেয়। তেমনি বিদ্যাও সব অজ্ঞানতা দূর করে চেতনাকে পরিশুদ্ধ করে। প্রাচীন কৃষিভিত্তিক সমাজে নদীপ্রবাহ ছিল সব উৎপাদনশীলতার মূল চালিকা শক্তি। আর বিদ্যা বা জ্ঞান হোল সকল সৃজনশীলতার মূল চালিকাশক্তি।

প্রাচীন ভারতীয় ঋষিগণ বস্তুভিত্তিক উৎপাদনশীলতার চেয়ে নৈরব্যক্তিক সৃজনশীলতাকে সবসময় বেশি প্রাধান্য দিয়েছেন। যে কারণে প্রাচীন ভারতে দর্শন চর্চা বেশি হয়েছে। জ্ঞানচর্চা বেশি হয়েছে। বিদ্যাকে পূজা করা হয়েছে। জ্ঞানীকে, গুরুকে ভক্তি করা হয়েছে। জ্ঞান বা বিদ্যাকে সবচেয়ে উচ্চ আসন দেয়া হয়েছে।

এ প্রসঙ্গে বলে রাখি, প্রাচীন ভারতীয় ঋষিগণ বস্তুভিত্তিক উৎপাদনশীলতার চেয়ে নৈরব্যক্তিক সৃজনশীলতাকে সবসময় বেশি প্রাধান্য দিয়েছেন। যে কারণে প্রাচীন ভারতে দর্শন চর্চা বেশি হয়েছে। জ্ঞানচর্চা বেশি হয়েছে। বিদ্যাকে পূজা করা হয়েছে। জ্ঞানীকে, গুরুকে ভক্তি করা হয়েছে। জ্ঞান বা বিদ্যাকে সবচেয়ে উচ্চ আসন দেয়া হয়েছে। বলা হয়েছে, ‘স্বদেশে পূজ্যতে রাজা, বিদ্বান সর্বত্র পূজ্যতে।’

আর পাশ্চাত্যে জ্ঞানকে, বিদ্যাকে পূজা করা হয়নি। জ্ঞানকে দক্ষতা হিসেবে, ক্ষমতার হাতিয়ার হিসেবে ব্যবহার করা হয়েছে। বলা হয়েছে, ‘knowledge is power.’ এখানে জ্ঞান হোল প্রযুক্তি, উৎপাদনশীলতার হাতিয়ার। এখানে গুরুকে, শিক্ষককে শ্রদ্ধা করার ঐতিহ্য নেই। শিক্ষকের সামনে টেবিলে পা তুলে দিতে বাধা নেই। আমি মূল্য বিচারে যাব না। কোনটা ভাল, কোনটা মন্দ তা বলব না। তবে একটা কথা অবশ্যই বলব যে দুটোর মধ্যে সমন্বয়ের প্রয়োজন আছে। আমরা আমাদের গুরুগৃহে বাণী বন্দনার পাঁচ হাজার বছরের ঐতিহ্য হিসেবে কানাডার স্কুলে সরস্বতী পূজা শুরু করেছি। আমরা পাশ্চাত্য সংস্কৃতির সামনে তুলে ধরতে চাই যে জ্ঞান অর্জনের কাজকে, বিদ্যাচর্চাকে আমরা নিছক একটা দক্ষতা অর্জনের মত তুচ্ছ কাজ মনে করি না। আমরা বিদ্যা অর্জনকে ধর্মেল অঙ্গ বলে মনে করি, ধর্ম পালনের মত পবিত্রতা, একাগ্রতা এবং ঐকান্তিকতা নিয়ে সে কাজে আমরা ব্রতী হই। তোমরা তা দেখ। আমাদের সাথে একাত্ম হও। কে বলতে পারে? এঁরা আমাদের আধ্যাত্মিকতাকে মূল্যায়ণ করছে, যোগ অভ্যাস, অহিংসা, নিরামিষ আহার, যৌথ পরিবারের মূল্যবোধকে গ্রহণ করছে। কালে কালে যদি বিদ্যাকে ভক্তি করার এতটুকুও তাঁরা আচরণে গ্রহণ করে, এদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পরিবেশ হবে সারা পৃথিবীর আদর্শ। □

লেখক: প্রাবন্ধিক, শিক্ষাক্রম বিশেষজ্ঞ ও গবেষক



Hindu Temple in Relation to Human Dignity

Nani Gopal Debnath, P. Engg

Human rights and Democracy are ongoing consultation in today's world. For that matter the first Article of the Universal Declaration of Human Rights (1948) that urge to do something like:

"All human beings are born free and equal in dignity and rights. They are gifted with reason and conscience and should act towards one another in a spirit of brotherhood".

I was born in 1948, and when became adult came to know about the above declaration of Human Rights, naturally took interest to know more regarding this declaration due to my birth year coincides with such a great event.

Again when I grew older slowly came together with religious teachings of Hindu tradition, culture and rituals because of family or community background. Thus one day surprisingly read some religious texts which were as follows:

"No one is superior or inferior; all are brothers; all should strive for the interest of all and progress collectively", some text translation from RigVeda.

The RigVeda is the first of the four Vedas and is considered the essence of all knowledge, Jnana. In fact the Vedas highlight the classic oneness of the entire creation.

Immediately it emerged in my mind what I read in Human Rights declaration 1948, appeared analogous.

In fact the Vedas emphasized these a thousand years back for the entire humanity which today's world aggressively trying to implement after 1948 Human Rights declaration.

Vedic and Upanishadic literature abounds in ideas that proclaim universal oneness and universal well-being. Hinduism is the essence of all that wisdom handed down to generations after generations. These ideas have shaped & guided the Hindu socio-religious life for centuries.

In the light of above now let us discuss, how Hindu Temple related to Human Dignity or in a Temple we should do such activities which upheld and teach Humanity.

One day in a Temple one of my friend asked me, God is omnipresent, we can pray at home,

than why I have visited the temple for prayer? As a personal opinion, I have mentioned that temple is a place of prayer and generally after prayer priest or some religious scholars discuss about our foundation of vedic way of life where many a time I

have heard such words "they say that we pray for well being of all human being, anybody never says well being only for the Hindus". This signify that in our Temple we pray for Humanity, which to me is in the root of Hinduism. So I experience Human Dignity while I visit a Temple.

The following other information and enlightenment can elaborate:

A temple is a structure reserved for religious or spiritual rituals and activities such as prayer and sacrifice.

Prayer: Hinduism has incorporated many kinds of prayer (Sanskrit: prarthana), from fire-based rituals to philosophical reflection of thoughts. While chanting involves general truth, recitation of timeless verses or verses with timings and notations, nature involves some time deep meditation (however short or long).





It can be simply plain formless meditation as practiced by the ancient sages. These prayers can be directed to fulfilling personal needs or deep spiritual enlightenment, and also for the benefit of others.

Rituals are part and parcel of the Vedic religion and as such permeated their sacred texts. Indeed, the highest sacred texts of the Hindus, the Vedas, are a large collection of mantras and prayer.

Prayer can be incorporated into a daily “thought life”, in which one is in constant communication with a god. Some people pray throughout all that is happening during the day and seek guidance as the day progresses.

Some outward acts that sometimes accompany prayer are: ringing a bell, burning incense, lighting a candle and facing a specific direction. One less noticeable act related to prayer is fasting. Anthropologically, the concept of prayer is closely related to that of surrender and earnestly appeal.

Sacrifice: Sacrifice generally we understand is the offering of food, objects or artifacts . But the Vedic view of sacrifice is about maintaining balance in the greater Universe, restoring the divine to continuously create the World anew. Vishnu tells Arjuna in the Bhagavad Gita

In Vedic tradition the performance of sacrifice takes on a Universal importance. It is vital to the continuation of the universe, since through the destruction of the material offering, body is returned to the material universe, the soul is redeemed into the World Soul, and the spiritual essence is likewise returned to its spiritual origin. In this way too, the cycle of life from birth to death in to rebirth is maintained for all animate and inanimate things. In practice sacrifice was offered to God, the creature with whom we share our world. In this way sacrifice becomes an act of procreation.

What are the different great Sacrifices. Whatever action done by men for the benefit of mankind and help to God is sacrifice. And these sacrifices are Sacrifice of Knowledge, Sacrifice of Material possessions, Sacrifice of work. Every moment of our life is a sacrifice that we perform

in the direction of a higher fulfillment. Sacrifice of Work is greatest as it culminates divine knowledge. The sacrifice of knowledge is greater than material possessions. Sacrifice is an Art.

We can learn the art of Sacrifice with bonafide spiritual master who follows this art and not merely teaches them. Such self realized soul can teach the art of sacrifice to us and impart knowledge to us because he has seen truth by his practice. The teacher who just preaches and does not follow this art is only a Pretender and must be avoided.

In the middle of the fourth chapter of the Gita, certain instructions are given on the performance of different kinds of sacrifice. The word sacrifice is a very significant one throughout the Bhagavadgita, perhaps through most of the scriptures in our ancient history, indicating that the principle of life consists in sacrifice of some sort or the other. Every moment of our life is a sacrifice that we perform in the direction of a higher fulfillment. It is difficult to understand the meaning of sacrifice, and a knowledge of it is absolutely necessary to understand the teachings of the Bhagavadgita. The whole of karma yoga, or any yoga for the matter of that, is centred round this principle governing all life and existence, the principle of sacrifice. The yoga, the sacrifice, which is control of the senses, restraint of the mind, and the stabilizing of the reasoning process. All these suggest a single action on the part of our consciousness, namely an awakening into a higher Self.

If we look at the essence of humanity and the Hindu way of life can be judged from a different perspective and angle. The eternal truth is that all human beings follow a natural way of life subject to their traditions, history, and culture. The ancient culture and traditions Hindus follow which has been explained by great sages and found in texts of Veda & Upanishad are nothing but Hindu way of life. Here religion or Dharma means the natural characteristics of a human being which Hinduism promotes, the virtues of truth, honesty, and knowledge (Giana).

From all the discussion above it is obvious that as human being we should promote in our life truth, honesty and knowledge to achieve



Human Dignity and a temple is a place where we can organize collectively in a broad sense as community, selflessly .

Finally we know “Discussion / Dialogue (Alochana) Brings Good Things to Mind.” this great memorable phrase should be our motto or root of our power to achieve intended goal which is nothing but to serve the Humanity. Our ancient great Sages by their Dialogue/Discussion (Alochana) left for us great verses in texts which today we follow as Veda & Upanishad.

At our Mandir BCHM we have a school of Hinduism which a small effort but is a great start for our children. If we can elaborate this school, have scope and can reach a forum ever widening and deepening.

Now as a community we all should come forward, through the Mandir we may focus on preserving and fostering our religious, educational and socio-cultural activities of the Bengali community in our region.

By Seminar/Discussion/Dialogue (Alochana) we can enrich our knowledge, Knowledge is light, this light can guide us to respect Human Dignity. □

Reference:

THE INTERNATIONAL CONFERENCE, HUMAN DIGNITY AND HUMAN RIGHTS, HINDU PERSPECTIVE, Geneva, 2008



Impact of Social Media in Our Lives

Abeer Das, Grade 8

Can you imagine the way we would be living our lives without social media? It would be a very different landscape. So what exactly is social media? Social media is a website or application that allows a user to create and share content with your friends, families, and other people on the internet. Obviously, social media does have its pros with its cons.

There are countless amounts of good that come with social media. The first is the immediate access to information. When you open your social media platform, - whether it be Facebook, Instagram, or even Youtube - you are usually instantly given the latest news. With social media, you know what is happening around the world faster than anyone else. Another advantage is that social media is a good tool to connect with people around the globe even if they live on the other side of the world. This allows you to connect with your relatives that may be living somewhere else better than anyone else can - it is instant communication. One thing that social media allows is for very great opportunities for business owners. They get to connect with their customers and expand.

Now everything that has pros also has cons. One disadvantage of social media is that it gives people a license to be hurtful and rude toward others without any real consequences. Since you can basically hide behind anonymity, you can say anything you want to a person you may hate. Another disadvantage is that social media creates very ignorant people when they read news articles and posts. The job for a journalist or the person running the social media account is to get attention and likes so their business grows. To achieve this, a person may use false information to create buzz. This puts incorrect information into a person's mind. In my opinion, the biggest disadvantage is that we have less face to face connections and become lazy. What social media platforms have basically done is make us be able to talk to anyone while just laying in our couch. Texting and interacting with others now shows less emotion and slowly reduces the gifted talent of communication.

Social Media is a great way to connect with people and makes our world feel much smaller. I honestly feel that the pros outweigh the cons heavily since everything comes with its bads. Social media has allowed to come a long way and the world would definitely not be the same without it.



Our Expectations as Parents of the Sunday School at Bangladesh Canada Hindu Cultural Society & Mandir

Lucky Sarker

When my husband and I were ready to immigrate to Canada in early 2010 with our son and daughter, we were aware of the cultural challenges we would face once we landed in Toronto. What we didn't realize is how daunting this task would be, as both of us became working parents. Time management is an integral part of success in a first world country, and that was one of the things we were failing miserably at, as time progressed. How does one find time to pray, cook and clean, maintain a seemliness around their home and maintain a fulltime job, in which there are daily challenges and the need for continuous education? Oh and how can we forget our children, our dear children for whom we have to find the time to talk to everyday, to know what is happening in their lives, to speak to them in Bangla, to teach them the value of prayer and to be culturally sensitive? We can sum it all up in one word – “impossible”.

When we discovered the Sunday school at Bangladesh Canada Hindu Cultural Society & Mandir, we were ecstatic. Finally our children would find an environment where they would be able to mingle with children from our religion, learn about Hinduism, get an understanding of the Bhagabad Gita, be involved in pujas throughout the year and in cultural programs where they would practice Bangla through songs, dance, poetry and drama. With the help of the dharma class and cultural programs our children are learning to work in teams, to develop courage and confidence, to exercise tolerance and endurance, and learn about time management. Not only this they are exercising leadership roles through the cultural committees in which they are involved. How can we forget the various trips our children go on, through the school, where they visit many Hindu and Buddhist temples? In these trips they get to learn the history of Hinduism and Buddhism and learn the way of life of both cultures.

Children today are very curious, their brains do not absorb anything they do not understand. They challenge things they hear. Sunday school has a pool of intelligence from where our children can get their curiosity satiated. It is the single most important source of extracurricular activity that encompasses the needs of a child that develops a child inside out, we could not find a better place to send our children.

In the three years our children have been going to Sunday school, we have noticed gradual positive changes and we hope with time, they will become phenomenal examples of end products of Sunday School. They look forward to going there every Sunday and do something outside of academics.

In conclusion, we would like to say to the committee that you are moving in the right direction, the one thing that could be improved is the classroom environment. The children need to know that when they are in the classroom they need to be focused, there has to be a spiritual environment, maybe then all children will benefit from Sunday school. We would like to offer pranam to all who are working relentlessly to make this school as success. We make it a point to be there as parents every Sunday, and we are willing to help in any way we can. □





সন্তানের উচ্চশিক্ষা ও পরিবারের ভূমিকা কানাডার প্রেক্ষাপটে

ড. কাঞ্চন পুরোহিত

বর্তমান বিশ্বায়নের যুগে, শিক্ষাই অগ্রগতির সোপান, সনাতন ধর্মের অনুসারী হিন্দুরা জ্ঞান অর্জনের জন্য অধ্যয়নের পাশাপাশি ঈশ্বরের কৃপা লাভের জন্য জ্ঞানদায়িনী দেবী সরস্বতীর আরাধনা করেন, কারণ আমরা বিশ্বাস করি আরাধনা ও অধ্যয়নের সঠিক সমন্বয় জ্ঞান অর্জনের পথকে সুগম করে।

সকল মা-বাবার কাছে তাদের সন্তানের উচ্চশিক্ষা বিশেষভাবে কাম্য, কিন্তু এই উচ্চশিক্ষার ধরন এবং এর অর্জন দেশ ও সময় ভেদে বদলে যায়। দীর্ঘসময় বাংলাদেশে শিক্ষকতার পেশায় জড়িত থাকার পর কানাডায় এসে এর পার্থক্যটা বুঝতে পারলাম। এর কারণ এখানে এসেও আমি একই পেশায় নিয়োজিত। তাই এদেশে প্রবাসী পরিবারগুলো তাদের সন্তানের উচ্চশিক্ষার জন্য কি ধরণের ভূমিকা পালন করা উচিত, তা আমার ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে ব্যক্ত করার জন্য এই ক্ষুদ্র প্রচেষ্টা।

বিকল্প পরিকল্পনা: এদেশে দ্বাদশ শ্রেণী পর্যন্ত শিক্ষা লাভ সার্বজনীন, এর পরবর্তীতে যেকোন প্রায়োগিক শিক্ষাই উচ্চশিক্ষার আওতায় পড়ে। যেহেতু উচ্চশিক্ষা ব্যয়বহুল, তাই বিষয় নির্বাচনে শিক্ষার্থীর আগ্রহ ও লক্ষ্য অর্জনের ক্ষমতাকে গুরুত্ব দেয়া উচিত। কোনভাবেই শিক্ষার্থীর উপর কিছু চাপিয়ে দেওয়া উচিত নয়। কারণ এখানে সব পেশাকে সমান সামাজিক মর্যাদা দেয়া হয়। সন্তানের ক্ষমতার কথা বিবেচনা না করে কোন কিছু চাপিয়ে দেয়ার চেষ্টা করলে সার্বিক বিপর্যয় ঘটতে পারে, যা সন্তানকে বিপদগামী ও মানসিকভাবে বিপর্যস্ত করতে পারে।

তাই উচ্চশিক্ষা পরিকল্পনায় একটা বিকল্প ভাবনা থাকা উচিত। মূল লক্ষ্য অর্জন করা না গেলেও যাতে শিক্ষার্থী বিকল্প লক্ষ্যে পৌঁছাতে পারে, তা পূর্ব থেকেই বিবেচনায় থাকা উচিত। যা শিক্ষার্থী ও পরিবারকে হতাশা থেকে মুক্তি দিতে পারে।

সহযোগী ভূমিকা: উচ্চশিক্ষার ক্ষেত্রে পরিবারের (পিতা-মাতার) ভূমিকা হওয়া উচিত— একজন সহযোগীর। যদি এর মাত্রা বেশি হয়, তবে সন্তান কখনো অভিভাবক হয়ে উঠতে পারবে না। এটা সন্তানের জন্য চরম ক্ষতিকর, তাদেরকে প্রতিযোগিতামূলক পরিবেশে টিকে থাকার শিক্ষা অর্জন করতে দিন। যা আপনার ও আপনার সন্তান উভয়ের জন্য

মঙ্গল, কারণ “Over Protected” সন্তান মানসিকভাবে বেড়ে উঠে না।

সখ্যতা বাড়ান: কলেজ-বিশ্ববিদ্যালয়গামী সন্তানেরা এখানকার পরিবেশে একটু স্বাধীনচেতা হয়ে ওঠে। তারা অনেক কিছুই মা-বাবা থেকে গোপন রাখতে চায়। এভাবে কোন সমস্যা দীর্ঘদিন গোপন রাখলে তা জটিল আকার ধারণ করতে পারে। তাই তাদের সাথে সখ্যতা বাড়ান, পরিবারের সকল কাজে তাদের অংশগ্রহণ নিশ্চিত করুন এবং তাদের মতামতকে গুরুত্ব দিন। এটা সন্তানদের পরিবারের প্রতি দায়িত্বশীল হতে শেখাবে, তাদের সাথে বন্ধুত্বসুলভ ব্যবহার পরিবারের অটুট সম্পর্ক বজায় রাখতে সহায়তা করবে।

বাংলাদেশের প্রবাসী হিন্দু পরিবারগুলোর অধিকাংশই শুধু আর্থিক কারণে নয় বরং সন্তানের উচ্চশিক্ষা ও সামাজিক নিরাপত্তার জন্য এদেশে আসেন। তাদের অনেকেই গতানুগতিক ধারায় সন্তানের উপর তাদের পছন্দমামফিক পেশা নির্ধারণের জন্য চাপ সৃষ্টি করে এবং সন্তানদের সমাজ বিচ্ছিন্ন করে ফেলে। এর ফলে খুব অল্প সংখ্যক ছেলেমেয়ে সফলতা অর্জন করলেও অধিকাংশই লক্ষ্যহীন হয়ে পড়ে। এই অনাকাঙ্ক্ষিত অবস্থা থেকে মুক্তির জন্য সবাই সচেষ্ট হোন। □

Writer: Professor, Conestoga College, Kitchener, Ontario





দেবী সরস্বতী জ্ঞান বুদ্ধি চেতনা দিয়ে আমাদের বিবেক জাগ্রত করুন

ডা. সুব্রত ঘোষ

আজ সরস্বতী পূজা। প্রতি বছর মাঘ মাসের শুক্লপক্ষের শ্রী পঞ্চমী তিথিতে দেবী সরস্বতীর পূজা করা হয়। সরস্বতী হলেন- জ্ঞান, বিদ্যা, সংস্কৃতি ও শুদ্ধতার দেবী। সৌম্যাবয়ব, শুভ্র বসন, হংস-সংবলিত, পুস্তক ও বীণা ধারিণী এই দেবী বাঙালির মানসলোকে এমন এক প্রতিমূর্তিতে বিরাজিত, যেখানে কোনো অন্ধকার নেই, নেই অজ্ঞানতা বা সংস্কারের কালো ছায়া। সরস্বতী দেবীকে হিন্দুরা পূজা করলেও সে কারণেই সব বাঙালির কাছে ‘বিদ্যা’ নামক অব্যাখ্যাত শব্দটির প্রতীক এই সরস্বতী।

দেশ ও জাতির উন্নয়নে শিক্ষার বিকল্প নেই। যে জাতি যত বেশি শিক্ষিত সে জাতি তত বেশি উন্নত। সনাতন ধর্মে শিক্ষাকে উঁচু স্তরে আসীন করা হয়েছে। এ ধর্মে প্রাচীন ঋষিরা ব্রহ্মের অনন্ত শক্তির অংশকে একেকজন দেবদেবীরূপে কল্পনা করেছেন। আর তেমনিভাবে ব্রহ্মের যে শক্তি আমাদের বিদ্যা শিক্ষাদান করেন তাকে সরস্বতী দেবী নামে পূজা-অর্চনা করা হয়।

পুরাণে সরস্বতী দেবীর উদ্ভব নিয়ে নানা প্রসঙ্গ আছে। ঋগ্বেদের দশম মণ্ডলে ঋষি মধুচ্ছন্দা গায়ত্রী ছন্দে সরস্বতী দেবীকে বন্দনা করেছেন গতিময় জীবন প্রত্যাশা করে। সংস্কৃত ‘সরস’ হলো পূর্ণতাপ্রদাত্রী বা জ্যোতির্ময়ী অথবা ঐশ্বর্যময়ী। আবার ‘সরস’ অর্থ জল বা জীবনের প্রশান্তি। উভয় অর্থেই (সরস+বতী) সরস্বতী আলোকিত জীবনময়তার প্রতীক।

সরস্বতী দেবীর স্বরূপ সম্পর্কে সরস্বতী স্তোত্রে বর্ণিত আছে, ‘শ্বেত পদ্মাসনা দেবী শ্বেত পুষ্পশোভিতা/শ্বেতাস্মর ধরা নিত্যমবেত গন্ধানু লেপনা/ মানসে রমতাং নিত্যং হংসেব হংস বাহিনী/ বাচং দদাতি বিপুলাং যা চ দেবী সরস্বতী।’ সরস্বতী শ্বেত পদ্মের ওপর উপবিষ্টা। সাধকদের মতে, দেহে ছয়টি পদ আছে। বিশুদ্ধ পদে আরোহণ করলে সারস্বত জ্ঞান লাভ হয়। সরস্বতীকে পদ্মাসীনা দেখিয়ে দেহস্থ প্রাণবায়ুকে উত্তোলন করার কৌশল নির্দেশ করা হয়েছে। তিনি শুভ্রবর্ণা। তার এই শুভ্রবর্ণ শুচিতা, শুভ্রতা, শুদ্ধতা ও পবিত্রতার প্রতীক; যা আমাদের মনকে শুচি, শুভ্র ও শুদ্ধ রাখার নির্দেশ দিচ্ছে। কারণ মন শুদ্ধি না হলে চিন্তা শুদ্ধি হয় না আর চিন্তা শুদ্ধি ছাড়া জ্ঞান লাভ করা যায় না। সরস্বতী দেবী হংসবাহনা। হংসের একটি বিচিত্রতা আছে। হংসকে দুধ ও জলের মিশ্রণ খেতে দিলে সে অনায়াসে জল রেখে সারবস্তু দুধ গ্রহণ করে।

সার ও অসার মিশ্রিত এই জগৎ সংসারে মানুষ যেন সারবস্তু গ্রহণ করে এ নির্দেশই হংসবাহনতায় প্রকাশিত। দেবীর হাতের পুস্তক জ্ঞানচর্চার প্রতীক। জ্ঞানের মতো পবিত্র এ জগতে আর কিছুই নেই। এই জ্ঞান সব যোগের পরিপক্ব ফল। সংযতেন্দ্রিয় ও তৎপর হয়ে তত্ত্ব জ্ঞানে শ্রদ্ধাবান ব্যক্তি এই জ্ঞানলাভ করেন এবং অচিরেই তিনি পরাশান্তিপ্রাপ্ত হন। সরস্বতী মায়ের হাতের বীণা সঙ্গীতবিদ্যার প্রতীক। মনের ভাব প্রকাশ হয় ভাষায় আর প্রাণের ভাব প্রকাশ পায় সুরে। সুর মানুষকে বিমোহিত করে। প্রাণে আনন্দের সঞ্চারণ ঘটায়।

শব্দ বিজ্ঞানের ভাষায়, কম্পনের ফলে সৃষ্টি হয় স্বর আর স্বরের সম্মিলিত রূপই হলো শব্দ। ঋগ্বেদে বলা হয়েছে, ‘শব্দ ইত্যন্ততে ব্রহ্ম।’ অর্থাৎ শব্দই ব্রহ্ম। আর ব্রহ্মকে নিয়ে যে বিজ্ঞান তা-ই শব্দবিজ্ঞান। শব্দহীন দেহ অসার, তাই দেহে যতক্ষণ শব্দ থাকে অর্থাৎ ব্রহ্ম থাকেন ততক্ষণই জীবন আছে বলা যায়। শব্দ নিঃশেষ হলে দেহ একেজো। অতএব ব্রহ্মহীন বিজ্ঞানও তখন অর্থহীন। আবার যোগতত্ত্ব অনুসারে, বীণা মেরুদণ্ডের প্রতীক। দেবীর বীণায় তিনটি তার। সেই তার তিনটি জরা প্রকৃতিজাত সত্তা, রজঃ ও তমো গুণকে নির্দেশ করে যা দ্বারা জীব আবদ্ধ থাকে। তেমনি মেরুদণ্ডের রয়েছে তিনটি তার, যাদের বলা হয় ঈড়া, পিঙ্গলা ও সুষমা। পরিশেষে বলা যায়, সরস্বতী দেবীর পদধর্মিতা, হংসধর্মিতা, বীণাধর্মিতা, জ্ঞানধর্মিতা জীবনে অনুশীলন করলে জীবন হয় সার্থক ও সুন্দর।

সম্প্রদায়গত ধর্মীয় পূজা-অনুষ্ঠানের বাইরে সরস্বতী পূজার বিশেষ সামাজিক গুরুত্ব আছে। দীর্ঘকাল ধরে শিক্ষাপ্রতিষ্ঠানে এ পূজা হয়ে আসছে। শিক্ষাপ্রতিষ্ঠান বিশেষ করে স্কুলে যেহেতু কোমলমতি শিশু-কিশোরদের পদচারণা, সেহেতু তাদের মনে আন্তঃধর্মীয় সুসম্পর্ক বৃদ্ধিতে এর গুরুত্ব অস্বীকার করার অবকাশ নেই। সরস্বতী পূজা শুধুই বিশুদ্ধ পূজা নয়। পূজার শাস্ত্রীয় কাজটুকুর বাইরে এর রয়েছে সম্প্রদায়-উত্তীর্ণ সার্বজনীন আবেদন। বিশেষ করে সাংস্কৃতিক কর্ম বা অনুষ্ঠান যখন এর সঙ্গে সম্পৃক্ত তখন শ্রীপঞ্চমীর ওই দিবসটি এক মহামিলনের দিন হিসেবেই উঠে আসে। অন্য ধর্মের শিক্ষার্থীরাও যুক্ত হয় এ প্রাণবন্ধ্যার সঙ্গে, ধর্মীয় বিভেদ তুচ্ছ হয়ে যায় এ জোয়ারে। বিগত দিনে যখন সরস্বতী পূজা প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রতি বছর অনুষ্ঠিত হতো, তখন বিভিন্ন



ধর্মাবলম্বী ছাত্রছাত্রীদের পরস্পরের ধর্ম সম্পর্কে জ্ঞান ও শ্রদ্ধা ছিল ব্যাপক। এ দেশের সংস্কৃতি বহু ধর্ম ও মতের সমন্বয়ে গড়ে উঠেছে। আন্তঃধর্মীয় জ্ঞানচর্চা রুদ্ধ হলে এক আধিপত্য প্রতিষ্ঠা পায় এবং তা অন্যের জন্য অমর্যাদাকর ও রাষ্ট্রের জন্য মারাত্মক হয়ে ওঠে। দেশের প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে আজ আর সরস্বতী পূজা অনুষ্ঠিত হয় না। এমনকি রাজধানী ঢাকাতেও নয়। যদিও বহু প্রতিষ্ঠানেই সরস্বতী পূজারিরা আছে, অর্থের সংস্থানও হবে, তবু তা অনুষ্ঠিত হয় না। এর মূল কারণ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও পরিচালনা পরিষদের অনাগ্রহ এবং পূজারিদের অগ্রবর্তী হওয়ার সাহসের অভাব। কিন্তু এতে ক্ষতিগ্রস্ত হচ্ছে ধর্ম নির্বিশেষে ওই প্রতিষ্ঠানের সব ছাত্রছাত্রী। বৃহৎ অংশের ছাত্রছাত্রী তার সহপাঠী, বন্ধু বা প্রতিবেশীর ধর্মচর্চা সম্পর্কে থেকে যাচ্ছে সম্পূর্ণ অন্ধকারে। এ অন্ধকার সারাজীবন তার পিছু ছাড়বে না।

আবার একটি জিনিস গত কয়েক বছর ধরে লক্ষ করা যাচ্ছে। সরস্বতী পূজাকে কেন্দ্র করে চাঁদাবাজিতে মেতে উঠছে একটি গোষ্ঠী। যত্রতত্র সরস্বতী পূজার নাম করে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে তারা মোটা অঙ্কের টাকা হাতিয়ে নিচ্ছে। বিদ্যার দেবীকে আরাধনা করতে নিজের কষ্টার্জিত আয়ই যথেষ্ট— এর জন্য মানুষের কাছে টাকা ভিক্ষার প্রয়োজন পড়ে না। চাওয়া পয়সায় সাড়ম্বরে না হোক সাদামাটাভাবে নিজের

সামর্থ্য অনুযায়ী দেবীকে আরাধনা করলেই দেবী তুষ্ট হবেন— এটাই সত্য। আমাদের নৈতিকতা নষ্ট হতে হতে এত বেশি নিচে নেমে গেছি যে, পূজার নামে টাকা তুলে নিজের পকেটে ভরতেও এখন আর কুণ্ঠাবোধ করি না আমরা। সরস্বতী পূজার সংখ্যা বাড়ুক এটা যেমন আমাদের কাম্য তেমনি পূজাকে কেন্দ্র করে কেউ যেন চাঁদাবাজি করে আমাদের সনাতন ধর্মের সুনামকে ক্ষুণ্ণ না করে সেদিকেও সজাগ দৃষ্টি রাখতে হবে।

তারপরও আমরা নতুন আশায় স্বপ্ন বুনি। যে যার অবস্থানে থেকে যার যার প্রতিষ্ঠানে বিদ্যার দেবীকে আরাধনার চেষ্টা করি। আর এখানে মিলিত হয় জনতার স্রোত। সংহতি ও সম্প্রীতির অনন্য দৃষ্টান্ত, সার্বজনীন মিলনমেলার উৎকৃষ্ট উদাহরণ হয়ে ওঠে প্রতিটি আনন্দময় পূজা প্রাক্কণ। সরস্বতী তখন শুধুই বিশেষ ধর্মের দেবী থাকেন না, হয়ে ওঠেন প্রশান্তির আলোকস্নাত অনাবিল ঋদ্ধির নাম। সরস্বতী মাতা জ্ঞান-বুদ্ধি-চেতনা দিয়ে আমাদের বিবেক জাগ্রত করুন, আমরা যেন সৃষ্টির সেরা জীব হিসেবে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সব হানাহানি-ভেদাভেদ ভুলে মানবতা আর মনুষ্যত্বের জয়গান গেয়ে এই পৃথিবীতে আমাদের জন্মকে সার্থক করতে পারি। সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা— জগতের সকল জীব সুখী হোক, কেউ যেন দুঃখ ভোগ না করে। □

লেখক: চিকিৎসক, লেখক

Shaaz Academy of Defensive Driving

Tel: 416-756-1044

আমাদের সেবাসমূহ—

- ❖ আপনাকে একজন ক্যানাডিয়ান মানের দক্ষ ড্রাইভার তৈরী করা
- ❖ ড্রাইভিং টেকনিকসমূহ আপনার কাছে স্টিকস্বচ্ছ ও সহজ করা
- ❖ ন্যূনতম সময় ও অর্থ ব্যয়ে টরন্টো থেকে লাইসেন্স পেতে সহযোগিতা করা
- ❖ আপনার প্রার্থীত সময়ে টেস্ট বুকিং দেয়া

ব্যবস্থাপনায়ঃ
অজয় বনিক
ব্যস্ত সড়কে উপযুক্ত প্রশিক্ষণই
আমাদের প্রকৃত বন্ধু
নিরাপদ ড্রাইভিং শেখার
অন্যতম প্রতিষ্ঠান

Mr. Ajoy

416-756-1044

দেবী সরস্বতীর মহিমার সঙ্গে জড়িয়ে আছে নারীজাতির শুচিতা

হরপ্রসাদ সেনশর্মা

সরস্বতীকে প্রথমে আমরা নদীরূপে, পরে বিদ্যার অধিষ্ঠাত্রী দেবীরূপে কল্পনা করে থাকি। তিনি সঙ্গীতেরও দেবী। বেদ, উপনিষদ, পুরাণ, তন্ত্র, সংহিতা, রামায়ণ, মহাভারত, সাহিত্য এবং ইতিহাসে দেবী সরস্বতীর বিভিন্ন কাহিনী এবং বিভিন্ন রূপের কথা জানতে পারি। পুরাণ থেকে জানা যায়, সরস্বতী নদীর মহিমার সঙ্গে নারীজাতির একটি শুচিতার সম্পর্ক ছিল। স্বর্গের সুন্দরী, অঙ্গরা, নর্তকীদের মধ্যে সরস্বতীর প্রভাব ছিল যথেষ্ট।

বিশ্বামিত্র মুনি ছিলেন রাজর্ষি। তিনি ব্রহ্মর্ষি হতে না পারায় মহামুনি বশিষ্ঠের সঙ্গে তাঁর সুসম্পর্ক ছিল না। যেহেতু বশিষ্ঠ মুনি ছিলেন ব্রহ্মর্ষি। অনেক চেষ্টা করেও ব্রহ্মর্ষি হতে না পারায় বশিষ্ঠের প্রতি বিশ্বামিত্রের এক তীব্র ক্ষোভ তাঁকে একেবারে ক্রোধে উন্মাদ করে তুলল। তিনি এই সময় সরস্বতী নদীকে আদেশ করলেন, ব্রহ্মর্ষি বশিষ্ঠ মুনির আশ্রমকে ভাসিয়ে নিশ্চিহ্ন করে দিতে। কিন্তু সরস্বতী নদী তাতে কোনও মতেই সম্মত হলেন না। তখন বিশ্বামিত্রের অভিশাপে সরস্বতী রক্ত নদীতে পরিণত হলেন।

সরস্বতীর এই ভয়াবহ রূপ মহাদেব মেনে নিতে পারলেন না। তাঁর আশীর্বাদে সরস্বতী পূর্বাবস্থা ফিরে পেলেন। শুধু তাই নয়, মহাদেবের বরেই তিনি নারী শ্রেষ্ঠা রূপে সম্মানিত হলেন। মুনি ঋষিদের কাছেও তিনি শুধু শুচিস্নিগ্ধা নদী রূপেই নয়, শ্রদ্ধার মূর্ত প্রতীক রূপে চিহ্নিত হলেন। কিন্তু বিশ্বামিত্রের উদ্বেজনা তাতে আরও বৃদ্ধি পেল। তিনি স্থির করলেন, আরও কঠোর তপস্যায় বসবেন। তপস্যায় সিদ্ধিলাভ করে তিনি স্বর্গের অধিপতি হবেন।

এদিকে দেবরাজ ইন্দ্র সব বুঝতে পেরে বিশ্বামিত্রের তপস্যা ভঙ্গের উদ্যোগ নিলেন। প্রথমেই তাঁর মনে পড়ল অঙ্গরাদের কথা। তাঁর দৃঢ় বিশ্বাস ছিল, মুনিদেরও মতিভ্রম ঘটাতে পারে একমাত্র এরাই। একে একে এল উর্বশী, তারপর রক্তা। কিন্তু মুনির ধ্যান ভাঙাতে ব্যর্থ হলেন। অবশেষে দেবরাজের নির্দেশে এলেন মেনকা। মর্তে আগমন করেই প্রথমে তিনি

সরস্বতী নদীতে স্নান সেরে শুচিস্নিগ্ধা হলেন। তারপর পঞ্চাশরে জর্জরিত বিশ্বামিত্রের তপস্যা ভঙ্গ করে পুষ্কর তীরে তাঁর সঙ্গে সাক্ষাৎ করলেন। ব্রহ্মর্ষি হওয়া কিংবা স্বর্গের অধিপত্য লাভ কোনটাই বিশ্বামিত্রের ভাগ্যে জোটেনি। তারপর? তারপর চান্দ্রবংশ এবং ভারতের ইতিহাস বয়ে গিয়েছিল অন্য ধারায়। সে তো আর এক প্রসঙ্গ।

হ্যাঁ, দেবীর রূপের কথায় এবার একটু আসতে হবে। পুরাণে দেবীর হাতে জপমালাকে ধ্যানতন্ময়তার প্রকাশ বলে মনে করা হয়েছে। পরে প্রাচীন ভাস্কর্য বা চিত্রশিল্পে দেবীর এই জপমালা কলসে পরিণত হয় শাস্ত্রানুসারে। এই কলস পবিত্র বারিধারার প্রতীক স্বরূপ। একসময় নদীর সব গুণ, সব বৈশিষ্ট্য নিয়েই সরস্বতী হয়ে গেলেন পবিত্রতমাদেবী। পরবর্তী সময়ে অবশ্য ভারতীয় নারীজাতি এই শুচিস্নিগ্ধা, পবিত্রতমার মহিমাকে নিজ নিজ জীবনে আঁকড়ে ধরতে চেয়েছে। এত প্রাণ প্রাচুর্যে পূর্ণ এবং পরোপকারী দেবী



সরস্বতীকে শুক্রা পঞ্চমীর পুণ্যলগ্ন আসন্ন। তার আগে প্রণাম জানিয়ে বলি—

‘যা কুন্দের্দু তুষার হার ধবলা যা শুভ্র বস্ত্রাবৃত্তা
যা বীণা বরদগুমণ্ডিত করা যা শ্বেতপদ্মাসনা
যা ব্রহ্মচ্যুত শঙ্কর প্রভৃতিভির্দেবৈঃ সদাবন্দিতা
সা মাং পাতু সরস্বতী ভগবতী নিঃশেষ জাড্যাপহা ॥’

(বাংলা অনুবাদ—যিনি কুন্দপুষ্প, চন্দ্রমা ও মুক্তামালার ন্যায় শুভ্রা, যিনি শ্বেতাম্বরী, বীণা বরদগুণে শোভিতা, যাহার হস্ত শ্বেতপদ্মাসীনা এবং যিনি ব্রহ্মা, বিষ্ণু ও শিব প্রভৃতি দেবগণের দ্বারা সদা বন্দিতা। সেই অশেষ জড়তা-বিনাশকারিণী ভগবতী সরস্বতী আমায় রক্ষা করুন।) □

তথ্যসূত্র:


- ১) বিতর্কিত সরস্বতী-ইন্দ্রলাল বন্দ্যোপাধ্যায়
- ২) পূজো পার্বণের উৎস কথা-পলব সেনগুপ্ত




বাংলাদেশ কানাডা স্কুল অব হিন্দুইজম এন্ড কালচারাল স্টাডিজের ছাত্র-ছাত্রীবৃন্দ



Aahana Chakrobty



Aarya Biswas



Abeer Das




Aditi Biswas



Adrian Roy



Adrija Sarker



Alok Ghosh



Amio Das



Anamika Bhowmik



Animesh Chowdhury



Anirvan Das



Anuva Nath



Arnab Nath



Aronno Das



Arpita Ghose



Arth Das



Arunima Chakaborty



Aungkan Dutta



Aurgha Dhar



Avik Dutta



Ayan Mitra



Bandon Dey Chowdhury



Bondon Roy



Charushi Sen



Choa Saha



Debosmita Banerjee



Deepyaman Bhowmik



Devi Paul



Devraj Roy



Dheeman Bhowmik

বাংলাদেশ কানাডা স্কুল অব হিন্দুইজম এন্ড কালচারাল স্টাডিজের ছাত্র-ছাত্রীবৃন্দ



Divarya Roy



Divayajyoti Roy



Himadri Sarker



Ishani Sanyal



Karobi Halder



Monisha Dey Chowdhury



Nivedita Roy



Parthib Debnath



Paul Kabbya



Prithviraj Banerjee



Prithwi Shome



Priya Roy



Rayan Dey



Rituraj Roy



Romit Das



Rupkatha Das



Ruponti Roy




Sam Paul



Samantha Purkayastha



Sarbabhouma Roy Majumder



Shaptarshi Das



Sheshanth Das



Shoptodeep Purkayastha



Smiti Pramanik



Sourov Purkayastha



Sowonok Saha




Sukanya Paul



Swapnil Saha



Utsha Bhattachargee



Uttob Saha

Bangladesh-Canada School of Hinduism & Cultural Studies Year Around Activities





Bangladesh-Canada School of Hinduism & Cultural Studies Year Around Activities





বিদ্যাদেবী শ্রীশ্রীসরস্বতী

শ্রীগৌরমোহন দাস

মাঘ মাসের শুক্লপক্ষের পঞ্চমী তিথি, শ্রীশ্রী সরস্বতী মায়ের পূজার দিন। সরস্বতী শব্দটির ব্যুৎপত্তিগত অর্থে সরস্ব+বতু স্ত্রী লিঙ্গে ‘ঈ’ প্রত্যয়যুক্ত যোগে সরস্বতী। ‘সতত রসে সমৃদ্ধা’। তিনি শুক্লবর্ণা, শুভ্র হংসবাহনা, ‘বীণা-রঞ্জিত পুস্তক হস্তে’ অর্থাৎ এক হাতে বীণা ও অন্য হাতে পুস্তক। সেগুলোর গূঢ় রহস্য তথা যথার্থ তাৎপর্য হৃদয়ে ধারণ করে মাকে পূজা-অর্চনা করা উচিত। নয়তো পূজার আড়ম্বরতা যতই হোক না কেন তা অর্থহীন। শিক্ষার্থীগণ দেবী সরস্বতীর পূজা বেশি করে। কেন? কারণ তিনি জ্ঞানদায়িনী বিদ্যার দেবী সরস্বতী। বিদ্যা দান করেন তিনি। মানুষ জ্ঞানপিপাসু। সর্বদা জ্ঞানের সন্ধান করে। ‘শ্রদ্ধাবান লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়’ (শ্রীমদ্ভগবদ্গীতা-৪/৩৯) অর্থাৎ শ্রদ্ধাবান ব্যক্তি জ্ঞান লাভ করে থাকেন। শ্রদ্ধাবোধ জাগ্রত হয় কীভাবে? শ্রদ্ধাবোধ গড়ে তোলার জন্য পারিবারিক শিক্ষা অতীব গুরুত্বপূর্ণ। বাল্যকাল থেকেই ধর্মীয় আচার-আচরণের শিক্ষা দেওয়া প্রয়োজন। সনাতন ধর্মে ছোটদের ধর্মীয় চেতনা দান করার জন্য শ্রীশ্রী সরস্বতী পূজা অন্যতম একটি উৎসব।



পুজোর আগের দিন সংযম পালন সনাতন ধর্মাবলম্বীদের গভীর শিক্ষা দেয়। ছোটবেলায়, শ্রীশ্রী সরস্বতী পূজায় সংযমের দিন মাছ-মাংস পরিহার; নিরামিষ আহার, আতপ চালের ভাত খাওয়া, উপোস থাকা সম্ভব হবে কি-না এসব নিয়ে এবং পুজোর দিন উপবাস থাকা, পুষ্পাঞ্জলি অর্পণে হয় আনন্দঘন এক আয়োজন! আর এ সময়ই একজন সনাতন ধর্মাবলম্বী তথা কোমলমতি শিক্ষার্থীও ধর্মীয় চেতনা পেয়ে থাকেন। লক্ষণীয় যে, আমরা (বড়রা) প্রতিমায় ভক্তি নিবেদনের ক্ষেত্রে ঐ প্রতিমার প্রণামমন্ত্রটুকুও জানি না! প্রণাম নিবেদনেও যে কত আধুনিকতা যুক্ত হয়েছে, তা ভাবলে অবাক হতে হয়! শিক্ষার্থীগণসহ পূজিত সকলে যেন তার তাৎপর্য ও পূজার মূল আচরণে পূজিত হন সে কথা বিচার্য রেখে তার বর্ণনা লক্ষ করা যাক:

শুক্লবর্ণা: শুক্লবর্ণ মানে সাদা রং। সত্ত্ব গুণের প্রতীকও হলো সাদা। পবিত্র গীতার চতুর্দশ অধ্যায়ের ৬নং শ্লোকে

আছে ‘তত্র সত্ত্বং নির্মলত্বাৎ’ অর্থাৎ সত্ত্ব, রজঃ ও তমোগুণের মধ্যে সত্ত্বগুণ অতি পবিত্র গুণ, স্বচ্ছতার প্রতীক, নির্মলতার প্রতীক। আবার ঐ অধ্যায়েরই ১৭নং শ্লোকে আছে যে, ‘সত্ত্বাৎ সংজায়তে জ্ঞানং’ অর্থাৎ সত্ত্বগুণে জ্ঞানলাভ হয়। তাই জ্ঞানময়ী সর্বশুক্লা দেবী শ্রীশ্রী সরস্বতী জ্ঞানে গুণান্বিত বলে তার গায়ের রং শুক্লবর্ণা অর্থাৎ দোষহীনা ও পবিত্রতার মূর্তি। আর জ্ঞানদান করেন বলে তিনি জ্ঞানদায়িনী। ‘নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিধ্যতে’ (শ্রীমদ্ভগবদ্গীতা-৪/৩৯)। অর্থাৎ জ্ঞানের মতো পবিত্র আর কিছু নেই। আমরাও যেন সেই গুণের অধিকারী হতে পারি এ আমাদের প্রার্থনা।

হংস: জ্ঞানের অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর বাহন শ্বেতহংস। হাঁস অসারকে ফেলে সার গ্রহণ করে। দুধ ও জল মিশ্রণ করে দিলে হাঁস জল ফেলে শুধু দুধটুকু গ্রহণ করে নেয়। কিংবা কাদায় মিশ্রিত স্থান থেকেও তার খাদ্য খুঁজে নিতে পারে। মায়ের সঙ্গে পূজিত হয়ে শিক্ষা দিচ্ছে— সকলে যেন সকল অসার বা ভেজাল/ অকল্যাণকর বিষয় পরিহার করে সার বা ভালো কিছু অর্থাৎ নিত্য পরমাত্মাকে গ্রহণ করেন এবং পারমার্থিক জ্ঞান অর্জন করে সুন্দর পথে চলতে পারি।

বীণা: ‘জীবন ছন্দময়’। বীণার বাংকারে উঠে আসে ধ্বনি বা নাদ। বিদ্যাদেবী সরস্বতীর ভক্তগণ সাধনার দ্বারা সিদ্ধি লাভ করলে বীণার ধ্বনি শুনতে পান। বীণার সুর মধুর। পূজার্থী বা বিদ্যার্থীর মুখনিঃসৃত বাক্যও যেন মধুর হয় এবং জীবনও মধুর সঙ্গীতময় হয় এ কারণেই মায়ের হাতে বীণা। হাতে বীণা ধারণ করেছেন বলেই তাঁর অপর নাম বীণাপাণি।

পুস্তক: বিদ্যার্থীর লক্ষ্য জ্ঞান অন্বেষণ। আর সেই জ্ঞান ও বিদ্যা অন্বেষণের জন্য জ্ঞানের ভাণ্ডার ‘বেদ’ তার হাতে। ‘বেদই বিদ্যা’। তিনি আমাদেরকে আশীর্বাদ করছেন— “জীবনকে শুভ্র ও পবিত্র রাখো। সত্যকে আঁকড়ে রাখো। মূল গ্রন্থের বাণী পালন করো। জীবন ছন্দময় করো। স্বচ্ছন্দে থাকো।”



প্রসঙ্গত এখানে উল্লেখ্য যে, প্রতিটি দেব-দেবীর প্রণামমন্ত্র ও পুষ্পাঞ্জলি প্রদানমন্ত্র আমাদের সকলের জানা উচিত। সরস্বতী দেবীর প্রণামমন্ত্র ও পুষ্পাঞ্জলি-

ওঁ সরস্বতী মহাভাগে বিদ্যে কমললোচনে।
বিশ্বরূপে বিশালাক্ষী বিদ্যাং দেহী নমোহস্ততে
ওঁ ভদ্রকাল্যে নমো নিত্যং সরস্বতৈই নমো নমঃ।
বেদ বেদান্ত বেদাঙ্গ বিদ্যাস্থানভ্যঃ এব চ
এষ সচন্দন পুষ্প বিল্বপত্রাঞ্জলি
ওঁ ঐং সরস্বতৈ নমঃ

পবিত্র গীতায় (৪/১৩) শ্রীভগবানের কথানুযায়ী ‘চতুর্বর্ণ্যাং ময়া সৃষ্টং গুণকর্মবিভাগশঃ’ অর্থাৎ মানুষের গুণ ও কর্ম অনুসারে আমি ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চার শ্রেণিতে বিভাজন করেছি। যারা জ্ঞানচর্চা বা শিক্ষাদানে নিয়োজিত থাকে তারা ব্রাহ্মণ। সে হিসেবে বিদ্যাদেবী সরস্বতী- ব্রাহ্মণ। জ্ঞানদায়িনী

মায়ের পূজাতে ফাঁকিঝুঁকি না দিয়ে আমরা সকলে সঠিকভাবে তার পূজা করি। তার পূজোর শিক্ষায় আমরা সর্বদা সকলে শুদ্ধ জ্ঞানচর্চায় রত থাকি এবং প্রার্থনা করি:

ওঁ অসতো মা সদাময়
তমসো মা জ্যোতির্গময়
মৃত্যুর্মাহমৃতংগময়
আবিরাবি র্ম এধি।

অর্থাৎ অসৎ থেকে সৎ লোকে, অন্ধকার থেকে আলোতে এবং মৃত্যু থেকে অমৃত্যুতে নিয়ে যাও। □

লেখক: সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ, বাংলাদেশ জাতীয় হিন্দু সমাজ সংস্কার সমিতি



Z³ EDUCATION CENTRE PRIVATE SCHOOL AND TUTORIAL

Math, English, Science, French, Biology, Chemistry, Physics

- 4 lessons per month for \$50 (except grades 11 and 12)
- Preparation for the new school year in September
- Practice with EQAO and other various contests (Pascal, GAUSS, Galois, etc.)
- Help prepare a strong understanding of school work
- Required amount of Homework Given
- Offering CREDIT COURSES for grade 9-12 students
- Small size classrooms

Authority to Grand Credits Towards the OSSD

UNIVERSITY COURSES AVAILABLE

Offering Credit Courses

For high school students

Grade 9 to Grade 12

Approved by the Ministry of Ontario  Ontario

Summer Learning SK to Grade 12

PRIVATE SCHOOL AND TUTORIAL

Math, English, Science, French, Biology, Chemistry, Physics

Z³ Education Centre is a Secondary Private School and a tutoring centre for all grades. Here at Z³ Education Centre we are committed to provide all our students with a positive and instructional learning environment.

Our objective is to provide each and every student with a clear understanding of the fundamental concepts of Math, Science and English

LOCATIONS

Scarborough 1200 Markham Rd, Suit 509 Unit 3, M1H 2Y9

Ajax 5 Harwood Dr, M3A 2E9

East York 300 Danforth Ave, Suit 108C Unit 202, M4C1M7

North York 255 Roywood Dr, LIS 2C1

(416) 553-2999

z3edu.centre@gmail.com

www.z3centre.com



বিদ্যার দেবী সরস্বতীর বাহন হংস কেন?

পার্থপ্রতিম আচার্য

শ্রীশ্রী সরস্বতী

কথায় বলে, ‘বাঙালির বারো মাসে তেরো পার্বণ’। সেই সব পার্বণের মধ্যেই একটি প্রাচীন ও অতি পরিচিত ঐতিহ্যমণ্ডিত পূজা হল বিদ্যার দেবী সরস্বতীর পূজা। মাঘ মাসে শুরু পঞ্চমী তিথিতে সরস্বতী মায়ের পূজা করা হয়। দেবী সরস্বতীর পূজা প্রাচীন যুগ থেকেই বাঙালির হৃদয় ও অন্তরে সমাদৃত হয়ে আসছে। তিনি শুরু বর্ণ, শুভ্র হংসবাহনা, বীণা রঞ্জিত পুস্তক হস্তে অর্থাৎ একহাতে বীণা ও অন্য হাতে পুস্তক।

এখন দেখে নেওয়া যাক, দেবী শুরুবর্ণা কেন?

শুরু বর্ণ মানে সাদা হল ভাল গুণের প্রতীক। পবিত্র গীতার চতুর্দশ অধ্যায়ের শ্লোকে আছে, ‘তত্র সত্ত্বং নির্মলাত্মাৎ’ অর্থাৎ সত্ত্ব, তমো ও রজোগুণের মধ্যে সত্ত্বগুণ অতি পবিত্র গুণ। স্বচ্ছতার প্রতীক, নির্মলতার প্রতীক। আবার ওই অধ্যায়ের ১৭ নম্বর

শ্লোকে বলা হয়েছে— ‘সত্ত্বাৎ সংজায়তে জ্ঞানং’ অর্থাৎ সত্ত্বগুণে জ্ঞান লাভ হয়। তাই জ্ঞানময়ী সর্বশুক্লা দেবী শ্রীশ্রী সরস্বতী জ্ঞানে গুণান্বিত বলে তার গায়ের রঙ শুরুবর্ণ অর্থাৎ দোষহীন। পবিত্রতার মূর্তি আর জ্ঞানদান করেন বলে তিনি জ্ঞানদায়িনী।

দেবী হংসবাহনা কেন?

জ্ঞানের অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর বাহন রাজহংস। কারণ হাঁস অসারকে ফেলে সার গ্রহণ করে। দুধ ও জলের মিশ্রণ থেকে জল ফেলে শুধু দুধটুকু গ্রহণ করে কিংবা কাদায় মিশ্রিত

স্থান থেকে তার খাদ্য খুঁজে নিতে পারে। মায়ের সঙ্গে পূজিত হয়ে শিক্ষা দিচ্ছে, সবাই যেন অসার/ভেজাল/অকল্যাণকরকে পরিহার করে নিত্য পরমাত্মাকে গ্রহণ করে এবং পারমার্থিক জ্ঞান অর্জন করতে পারে।

দেবী বীণাপানি কেন?

বীণার জীবন ছন্দময়। বীণার বাৎকারে উঠে আসে ধ্বনি বা নাদ। বিদ্যার দেবী সরস্বতীর ভক্তরা সাধনার দ্বারা সিদ্ধিলাভ

করলে বীণার ধ্বনি শুনতে পায়। বীণার সুর অত্যন্ত মধুর। তাই বিদ্যার্থীদেরও মুখনিঃসৃত বাক্যও যেন মধুর ও সঙ্গীতময় হয়। সেই কারণেই মায়ের হাতে বীণা। তাই দেবী সরস্বতীর আরেক নাম ‘বীণাপানি’।

দেবী সরস্বতীর হাতে পুস্তক কেন?

বিদ্যার্থীদের লক্ষ্য জ্ঞান অন্বেষণ। আর জ্ঞান ও বিদ্যার অন্বেষণের জন্য জ্ঞানের ভাণ্ডার ‘বেদ’ তার হাতে রয়েছে।

সেই বেদই বিদ্যা। তিনি আমাদের আশীর্বাদ করছেন আমাদের জীবনকে শুভ্র ও পবিত্র করতে। □



Veena:
A musical instrument

Saraswati with
two hands
(seen in Bengal)
Saraswati with four
hands (seen in other
parts of India)

Pen and Inkpot
Books

Swan



আমার বাল্যস্মৃতি

শ্যামল ভট্টাচার্য্য

স্বল্পস্থায়ী মানবজীবনের স্মৃতি-অভিধানের অনেক কিছুই আমরা ভুলে যাই, আবার অনেক ঘটনা, কাহিনী, কথা, ছবি, সুখ-দুঃখের অনুভূতি, আদর-ভালোবাসা, উপদেশ ও শিক্ষা পরিণত বয়সে ও ডিজিটাল ছবির মত স্মৃতিতে পূর্ণ জাগরুক থাকে। প্রত্যেকের ক্ষেত্রে এটা হয়ে থাকে। আমার বাল্যস্মৃতি থেকে কিছু কথা যা একজন মানুষের চরিত্রে বা সার্বিক কর্মকাণ্ডে প্রতিফলিত হয়েছে তা নিয়ে আজকের লেখা—

(১) গ্রামের প্রাথমিক বিদ্যালয়, নাম “সেন্ট্রাল মোহরা ফ্রি প্রাইমারী স্কুল”। অসাধারণ কিছু শিক্ষাগুরুগণ সমন্বয় ছিল এই স্কুলে। প্রধান শিক্ষক স্বর্গীয় শ্রী প্রফুল্ল রঞ্জন ঘোষ মহাশয়। ইংরেজি speaking fluency তে হয়তো ব্রিটিশরাও হার মানবে। বাংলা ও অংকে অসাধারণ। স্যারের অন্তর্ভেদী সব শিক্ষার মধ্যে একখানা বাংলা কবিতা আজও আমার কাছে অবিস্মরণীয় হয়ে আছে; কবিতাটি হলো—

“আমাদের দেশে হবে সেই ছেলে কবে,
কথায় না বড় হয়ে কাজে বড় হবে।
মুখে হাসি, বকে বল, তেজে ভরা মন,
মানুষ হইতে হবে, মানুষ যখন... ॥”

স্যারের সেই আকাঙ্ক্ষা-র তীব্রতাসহ আবৃত্তি শিক্ষাদান এবং মানুষ হবার বাসনা নিয়ে আজও আমার নিত্য জীবনযাপন। পরম শ্রদ্ধেয় স্যার, আপনি স্বর্গে থাকুন। আপনার আদরের ছাত্ররা আপনার বিদেহী আত্মার জন্য প্রার্থনা করছে।

(২) প্রাইমারী থেকে উচ্চ বিদ্যালয় আগমন। স্কুলের নাম: ‘এ. এল. খাঁন বহুমুখী উচ্চ বিদ্যালয়’। অনেক বেশি গুণী শিক্ষকের সমাবেশ। স্মৃতিময় শিক্ষা ও শিক্ষকের মধ্যে বাংলার শিক্ষক, স্বর্গীয় শ্রীকৃষ্ণ মোহন সাহা মহোদয় ছিলেন অন্যতম। স্যার বাংলা ব্যাকরণ পড়াতেন। বাংলা উপসর্গ শিক্ষাদান; প্র, পরা, উপ, সম, নি, অনু, অব, নির, দূর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অভি, উপ, আ।

এখনো অক্ষরে অক্ষরে মনে আছে। ভালোবাসা ও নিখাদ আন্তরিকতায় পরিপূর্ণ শিক্ষাদানের যে ভাবময় পরিবেশ, তা আজও ভুলতে পারি না।

(৩) একই উচ্চ বিদ্যালয়ের এবারের শিক্ষক ব্যক্তিত্ব হলেন আমার পিতৃদেব, স্বর্গীয় পণ্ডিত স্যার, আর আমার কাছে ‘বাবা-স্যার’। সেই বয়সে অন্য সহপাঠীদের মত আমি ‘পণ্ডিত স্যার’

ডাকতে পারতাম না। বাবা ছিলেন স্বঘোষিত দরিদ্র, ত্যাগী ও সত্যবাদী এক বিরল ব্যক্তিত্ব। সংসারের দেখভাল করা ও সন্তানদের পড়াশোনা নিশ্চিত করার জন্য ‘স্কুল পরিদর্শক’-এর স্থানান্তরযোগ্য সরকারি চাকুরি ছেড়ে দিয়ে গ্রামের স্কুলে ‘হেড পণ্ডিতের’ দায়িত্ব পালন করেছিলেন আজীবন।

স্কুলের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানে ক্লাস VI থেকে ক্লাস X পর্যন্ত আমি গীতা পাঠ করতাম, এবং একটা পুরস্কার আমার জন্য নির্ধারিত থাকতো। গীতার ১৮ অধ্যায়ের ৭০০ শ্লোকের মধ্যে বাবা স্যার আমাকে একাদশ অধ্যায়ের ৩৮/৩৯ নম্বর শ্লোক অর্থসহ আবৃত্তি উপযোগী করে শিখিয়েছিলেন, শ্লোকটা হলো—

“তুমাদিদেবঃ পুরুষঃ পুরাণ, স্তমস্য বিশ্বস্য পরং নিধানম্।
বেত্তাসি বেদাশ্বঃ পরমঃ ধাম, ত্বয়া ততং বিশ্বমন্তরূপ ॥” ৩৮

“বায়ুর্যমো হৃদ্যিবরণঃ শশাঙ্কঃ, প্রজাপতিস্ত্বং প্রপিতামহশ্চ।
নমো নমোন্তেহস্ত সহস্র কৃত্বঃ, পুনশ্চ ভূয়োহপি নমো নমন্তে ॥” ৩৯

ভালো করে মুখস্ত বলতে পারলেও মর্মার্থটা হৃদয়ঙ্গম করতে পারিনি তখন। বাবা বলতেন—

“আবৃত্তিঃ ধর্মশাস্ত্রানাং বেদাধপি গরীয়সী”

অর্থাৎ ধর্মশাস্ত্র আবৃত্তি-অভ্যাস মর্মার্থ বোঝার থেকেও ভাল।

আমি এখন ভাবি, বাবা কেন সেই শ্লোকটা এত ভালোবাসতেন। অনন্তরূপ মহান ঈশ্বরকে ভালোবাসা ও ঈশ্বর প্রেমী হবার জন্য যে বীজ বাল্য বয়সে আমার মধ্যে বপন করেছিলেন, তারই জন্য হয়তো “school of Hinduism” ও আগামী প্রজন্মের সাথে থাকতে আমার বড় ভালো লাগে।

বাবা স্বর্গবাসী হলেও আমার ধর্মীয় চেতনায় বাবা বেঁচে আছেন। বাল্যশিক্ষা ও বাল্যস্মৃতির কি মহিমা।

(৪) বাল্যস্মৃতির মণিকোঠায় এবারের মানুষ হলেন— স্বর্গীয় শ্রী দীনবন্ধু ভট্টাচার্য্য, পেশায় Civil Engineer এবং “কাব্য-বিশারদ”, সম্পর্কে আমার জেঠামহাশয়। পেশাগত কারণে নিজ বাড়ি ছাড়া অন্য কোথাও ধর্মীয় কার্যকলাপে অংশগ্রহণ করতে পারতেন না। অসাধারণ সংযমী, দীর্ঘদেহী, নীতিবান মানুষ। Road, Bridge, ও Building Construction করেছেন অগণিত। আমাদের বাড়িতে হকার প্রতিদিন



“Bangladesh Observer” পত্রিকাটি দিয়ে যেতো। জেঠামনি পড়তেন, আর সেই বয়সে আমাকে দিয়ে কোন কোন অংশ পড়াতেন। আলাপ করতেন। কি বুঝলাম, উনাকে বোঝাতে হতো। কথোপকথনের মাঝে একটা জীবনজয়ী প্রবাদ বাক্য শিখিয়েছিলেন, তা হলো—

“The life which has not been passed through troubles and tribulations of the world is not a life at all।”

পরবর্তীতে আমি আমার ক্ষেত্রে কোন বাধা ও কষ্টকে জীবনের প্রতিবন্ধকতা হিসেবে দেখিনি। জেঠামনির দেওয়া সেই বাল্যকালের মহৌষধ আজও পরিপূর্ণ কার্যকর।

বাল্যশিক্ষার সেই সময় ও পরিবেশের অনেক পরিবর্তন হয়েছে। যা হোক দেশ-বিদেশের কত সুমধুর শিক্ষা ও স্মৃতি আমরা বহন করে চলেছি। বাল্যকাল মানুষের জীবনের অন্যতম শুভ সময়।

কলুষহীন মস্তিষ্কের খালি কোষসমূহ (RAM ও ROM) অনেক কিছুই একজন মানুষ আজীবন ধরে রাখতে পারে। তাই নীতিযুক্ত বাল্যশিক্ষা ও ধর্মীয় শিক্ষার জন্য “School of Hinduism” প্রতিষ্ঠার একমাত্র উদ্দেশ্য।

সূর্যজ্যোতি ও চন্দ্রালোক সম ব্যক্তিত্ব হয়তো আমাদের এই সম্মিলিত প্রয়াস থেকে আবির্ভূত হবে, এটাই আমার দৃঢ় বিশ্বাস।

আমার বাল্যস্মৃতি ও বাল্যশিক্ষা তাই বলে। □



সবার প্রতি

শ্যামল ভট্টাচার্য্য

প্রতিষ্ঠা বছর ২০০৫ই থেকে ২০১৯ইং-তে পদার্পন করলো “বাংলাদেশ-কানাডা স্কুল অব হিন্দুয়িজম এন্ড কালচারাল স্টাডিজ” নামক হিন্দুধর্ম শিক্ষা প্রতিষ্ঠান।

শৈশব থেকে যৌবনে। কল-কোলাহলে মুখরিত থাকে প্রতি রবিবার মন্দির ও স্কুল প্রাঙ্গণ। উৎসুক মুখাবয়বে আগামী প্রজন্মের সন্তানেরা এই স্কুলে প্রবেশ করে “সনাতন ধর্ম, বাংলা ভাষা ও বাংলা সংস্কৃতির” বিষয়ে শিক্ষা লাভের জন্য।

নিত্যদিনের অপরিসীম ব্যস্ততা এবং সপ্তাহ শেষের একটু বিশ্রামকে উপেক্ষা করে অভিভাবকেরা তাদের প্রিয় সন্তানদের নিয়ে আসেন, এই ‘নিজেদের স্কুলে’।

প্রতি বছরের মত এবারও “শ্রীশ্রী সরস্বতী পূজা ও স্কুলের ১৮তম প্রতিষ্ঠা বার্ষিকী” উদ্‌যাপনের জন্য গঠিত হয়েছে প্রায় ৭৫ জন ছাত্র-ছাত্রী সমন্বয়ে “পূজা-পরিচালনা কমিটি-২০১৯”। কঠিন দায়িত্ব পালনের জন্য সবাই প্রস্তুত।

বহুসংস্কৃতির দেশ ‘কানাডা’-তে নিজেদের ধর্ম ও সংস্কৃতি শিক্ষা-কার্যক্রম পরিচালনা-র জন্য স্কুলের সাথে সম্পৃক্ত আছেন ৪-জন অবৈতনিক শিক্ষক। স্কুলের সামগ্রিক বিষয়াদি দেখার জন্য ৯-সদস্যের ‘স্কুল পরিচালনা কমিটি’ সর্বোপরি প্রতি ২-বছরের জন্য ‘কালচারাল সোসাইটির

কার্যনির্বাহী’ কমিটি-র পক্ষ থেকে রয়েছে ‘স্কুল বিষয়ক সম্পাদক’ (school-secretary)

২০০৫ইং-তে শুরু হওয়া এই স্কুলের যাবতীয় কার্যক্রম ইতোমধ্যে সবার প্রশংসা অর্জনে সক্ষম হয়েছে। কানাডার মাননীয় প্রধানমন্ত্রীর আমন্ত্রণে ছাত্র-ছাত্রীরা অটোয়াস্থ পার্লামেন্ট ভবন পরিদর্শন করেছে। কানাডার মন্ত্রী মহোদয়গণ, এম.পি, এম.পি.পি., কাউন্সিলারসহ অনেক সম্মানিত অতিথিবর্গ স্কুল পরিদর্শন করেছেন এবং তাঁদের শুভেচ্ছা বক্তব্য লিপিবদ্ধ করে গেছেন।

বিভিন্ন প্রতিষ্ঠান ও সহৃদয় ব্যক্তিবর্গ অকাতরে সাহায্য করেছেন স্কুলের কার্যক্রম এগিয়ে নেবার জন্য।

আমাদের অগ্রযাত্রাকে আরো গতিশীল করার জন্য আগামীতে আরো বেশি পরিবারের অংশগ্রহণ এবং সার্বিক সহযোগিতার জন্য সনির্বন্ধ অনুরোধ জ্ঞাপন করছি।

আমরা ‘সবার প্রতি’ কৃতজ্ঞ।

নমস্কার। সবাইকে নববর্ষের শুভেচ্ছা। □





কবিতাগুচ্ছ

পিংকী চৌধুরী-র কবিতাবলী

পৌষ পার্বণ মেলা

পৌষ মাসের শীতের দিনে
জমলো পিঠের আমেজ ।
সাথে এলো মকর সংক্রান্তি
পৌষ মেলার আবেশ ॥

শীতের দিনে বাদল নামে
ভরা দুপুর বেলায় ।
হরেক রঙের পসার উঠেছে
পৌষ পার্বণের মেলায় ॥

পিঠে হবে পুলি হবে
সাথে খেজুর গুড় ।
তার সাথে বাউল গানের
আছে নতুন সুর ॥

লালন ফকিরের গান শুনে
মনে লাগে রেশ ।
পুতুল নাচের রঙিন নৃত্য
লাগছে কিন্তু বেশ ॥

নাগরদোলা, বায়স্কোপ ও
যায় না দেয়া ছাড় ।
মগা মিঠাই, মুড়ি মুড়কির
জুড়ি মেলা ভার ॥

গ্রাম বাংলার ঐতিহ্য যেন
অতীতের গীতি ।
পৌষ পার্বণের মেলা এখন
রইলো হয়ে স্মৃতি ॥

প্রবাস জীবন

মা: খোকা তুই কেমন আছিস?
খোকা: ভালো মা, সঙ্গে নিয়ে তোমার আশিস ॥

মা: সকালে তুই সময় করে, উঠতে পারিস তো?
খোকা: তুমি ডাকবে না বলে, মোবাইলে অ্যালার্ম দিয়েছি তো ॥

মা: খোকা সকালে খেয়েছিস, তোর প্রিয় রুচি সবজি?
খোকা: (হেসে) সে কি আর জোটে, যদি থাকে পাউরুটি ডিম ভাজি ॥

মা: ছুটির দিনে তুই কি সেই, আগের মত গান গাস?
খোকা: হাজার কাজের ভিড়ে সেদিন, করি আমি হাঁসফাঁস ॥

মা: তুই কি খাস এখনও, টাকি মাছের রোল?
খোকা: (দীর্ঘশ্বাস) পাঁচ বছরেও জোটেনি মাগো, পুঁটি মাছের রোল ॥

মা: শীতের সকালে জোটে আজও, ধোঁয়া ওঠা গরম চা?
খোকা: তোমার হাতের চায়ের স্বাদ, ভুলিনি আজও মা ॥

মা: বিকেলে চায়ের সাথে, গুনিস মান্না দেব গান?
খোকা: শোনার সময় পাই না মাগো, ছেড়ে কাজের পিছু টান ॥

মা: তুই কি রাতে ছাদে বসে, গুনিস তারাগুলো?
খোকা: খাওয়া শেষে ঘুমোবো বলে, করি তাড়াহুড়ো ॥

মা: তুই কবে জড়িয়ে ধরে ডাকবি আমায় মা?
খোকা: (কান্নাস্বরে) এ বছরও ছুটি মাগো, বোধ হয় পারো না ॥



ছোটদের পূজা ভাবনা

Shrimad Bhagavad Gita-Guidelines in our daily activities

The Bhagavad Gita is a prolonged talk that takes place between Lord Krishna and Arjun, before the start of the Kurukshetra War. Although, the Bhagavad Gita is many centuries old, the logic and knowledge within, is still applicable in our everyday life. One of the important teachings from the Gita is developing the correct perspective. It is necessary to understand the feelings of others and how the words one says can affect the people around them. In order to be successful in life, we need to understand that change is the law of nature. Learning how to adapt to new situations, innovate and explore new opportunities is what makes one's life balanced and well-maintained all throughout. Practising tolerance and forgiveness is a very important lesson in the Gita. Tolerance teaches us to face the hardships of life without using force. Forgiveness helps us to overcome injustice and the feeling of bitterness. These qualities are essential to maintain relationships, develop feelings of love and empathy, and overcome disruptive thoughts. These two values formed the foundation of the relationship that bound the Pandava brothers.

One should try to think positively, instead of remaining frustrated over their failures. A very important lesson is to learn how to keep your mind calm, by accepting that change is inevitable. This can be achieved through meditation and yoga. Always work for the welfare of the world by helping others through charitable and voluntary activities. It is indeed joyful to be able to bring happiness into others' lives, through your own actions. Wisdom and knowledge will teach us to be fearless and also realize the importance of sharing our worries with our loved ones. Anger management is a great concern in today's world because if not controlled, it will only result in destruction and misery.

Children must be taught to dream big and set higher goals in life, as this will encourage them to work hard and be committed. Lastly, everyone must accept that nothing is permanent as every life comes to an end. Realizing and accepting this fact will teach us to value every little happiness and recover from the biggest of sorrows. This is why we should be grateful for the life that God has given us and make the most of it, by serving Him and all of mankind.

Written by:
Anamika Bhawmik
Grade 8

Aurgha Dhat Grade: 5 (Five) Age: 10 (Ten) Hinduism's Contribution To Modern Math

Hinduism played a significant role in the development of mathematics since the ancient period. Aryabhata, Brahmagupta and Bhaskara II (the second) are the direct example of major contributors in this field. Indian mathematics at first made a contribution regarding the concept of zero as a number, negatives, arithmetic and algebra, gradually the above concept spread all over the world. This mathematic term is used is Sanskrit which is the root of all language and culture of hinduism. We found lots of evidence in the Italian civilization regarding the use of mathematics.

The following is the major contributions of Hindu Mathematicians: The decimal system, negative #'s, floating point numbers, Quadratic equations, geometry, square roots, cube roots, transformations and trigonometry.

In the view of above, we can say that hindus contribution in Math has an important impact in the history of human civilization. This contribution should have a proper recognition.

Ma Saraswati
and Saraswati puja
Saraswati is the goddess of learning
We celebrate Saraswati puja on the fifth day of spring. It's called Vasant Panchami. Saraswati wears white cloths. She has four hands. With 2 hands she holds veena. In one hand she has string of beads and she holds a book with other hand. We always see a lotus and a swan with Saraswati.

Last year we celebrated Saraswati puja in our school building and temple. I love Saraswati puja because it's a special puja for students.





Saraswati Pujā

Saraswati Pujā is a Hindu Pujā usually celebrated on either January or February. That is because this festival is celebrated every year on the fifth day of "Phalguni", the eleventh month of the Hindu calendar. Maa Saraswati is the daughter of Maa Durga and Shiva. She is also married to Brahma (the first god in the Hindu trinity, or Trimurti). Maa Saraswati is the god of knowledge, art, music, wisdom and nature. On the day of Saraswati Pujā we visit the temple to pray to Maa Saraswati. We pray to her because she blesses us by boosting our skills and talents. Additionally on Saraswati Pujā we aren't allowed to eat any meat. Also on this day it is recommended to take "Onion" in the morning. Some people don't eat anything before they take Onion. Some schools in the "TDSO" celebrate Saraswati Pujā as well. In 2018 a school on Midland Avenue (John A Leslie) celebrated it. This year Saraswati Pujā will be celebrated on Saturday, February 9th 2019. All in all this is a brief explanation of what I believe Saraswati Pujā is and the importance of it.

~Arif Dutt
Grade 9 Age: 14

Himadri Sarkar, Grade 07

Swami Vivekananda (12 Jan, 1863-04 Jul, 1902)

"You have to grow from the inside out. None can teach you, none can make you spiritual. There is no other teacher than your own soul."

The great Swami Vivekananda we all know and love was born on 12th January 1863 as Narendranath Datta. He was a Hindu monk and the chief disciple of Sri Ramkrishna. He is famous for introducing Hindu philosophies such as yoga and Vedanta and his legendary speech in Chicago on 30th July 1893. He was a naughty and clever child as he was growing up. His father Vishwanath Datta was an attorney at the Calcutta High Court and his mother Bhudene Devi was a housewife. Narendranath was interested in monks and spirituality all his life. As a young child, he used to meditate before images of deities like Shiva, Rama, Sita and Hanuman. Even after getting a Bachelor of Arts Degree he studied Sanskrit scripts, one of his favourites being the Bhagavad Gita. At the age of 25 he became a wandering monk. At the age of 30 he decided to spread Hinduism to the Western world. I would like to conclude with an extract from his iconic speech in Chicago for which he received a two minute standing ovation. "As the different streams having their sources in different paths which men take through different tendencies, various though they appear, crooked or straight, all lead to thee, 19 years after his memorable speech, tragedy struck, he died from stroke while meditating on 4th July 1902 at the young age of 39."

The Impact of Global Pollution

Arunjan Dutta
Grade: 10
Age: 15

I am going to talk about how global pollution affects the world we live in. First it affects all forms of life, like plants, animals and much more. How it affects animals is by throwing trash into water, making the marine life eat it. And the result of that would be marine life being extinct. That would not let humans to eat fish from the sea. This is what happens when people throw their trash into water. Something else that pollutes the earth is global warming. How this works is when people keep their car on when they are not using it, that is just one example of why global warming happens. The result of global warming is early snowmelt and much more. This is the impact of global pollution has.

Ma Saraswati

Swapani Saha
Grade: 3

Saraswati is the Hindu goddess of Knowledge, music, art and wisdom, and learning. Lord Brahma married his own daughter Saraswati. Saraswati Pujā is celebrated on the fifth day of the season Spring. A full moon day and is known as Shree Panchami. Saraswati's nickname is Sarvati. Saraswati's name means possessing water. Saraswati's pet is Swan. Saraswati plays an instrument called Veena. The mala on the right hand means concentration, meditation, contemplation. May the goddess of education Saraswati will help us excel in education.



Airvan Das
Grade-4

Importance of Regular Prayer

Prayer is one of the most important things in our life. Actually during prayer we communicate with God. That's why we should take it seriously and do it regularly. It is not that much complex and difficult. Anyone can do prayer any where and at any time. If someone have faith in God and if he/she pray intensely for any crisis situation (like illness of any person) or to get any success (like exam, interview), God will help out in a supernatural way to make our wish come true. So by prayer we can bring us closer to God. Regular prayer changes our habits and lifestyles. We become peaceful and get a positive mind. That's why we should pray regularly.



Annual Study Tour 2018

Every year, Bangladesh Canada School of Hinduism & Cultural Studies (BCSHCS) arranges a study tour. We, the students of BCSHCS eagerly wait for that day. On September 27, 2018 we (the students of BCSHCS, our parents and teachers) went to 5 places as a part of our study tour.

We started our journey with a big bus at 8:30 A.M. and finished at 9:00 P.M. During the tour we got a variety of foods so we wouldn't become hungry. Our teachers, parents and volunteers guided us. We enjoyed the tour very much.

At 1st we went to Aga Khan Museum. There we saw beautiful sculptures and paintings. We used clay to make tiles. Then we went to the Imani Centre of Toronto. There we watched a religious video. They also asked us questions.

We had lunch in our 3rd destination- Ikon Scarborough. They also gave us religious information and asked us questions. Here everyone got a Bhagavad Gita as a gift.

After that we went to Jain Society of Toronto. There we came to know about Jain religion. They also gave us some tasty vegetarian snacks. Our last destination was Ramakrishna Mission, Vedanta Society of Toronto. There we watched worship and got religious information. They gave us snacks and gifted us pens.

It was time to return home. As a happy ending we got pizza to eat. I learned a lot from this tour. I wish we could have 2 tours in a year!

By: Parthib Selmoth

Grade: 4



Happy Swaraswati Pujal

Significance of Saraswati Puja

Maa Saraswati is the goddess of culture, music, art and education. She plays a musical instrument called the "veena". She is dressed in white and rides a white swan.

Saraswati puja is Saraswati's birthday. On that day, we worship Saraswati. Saraswati Puja can be in January or February every year. Saraswati gives peace and knowledge when we worship her.

Saraswati Puja is very important because Maa Saraswati will give us knowledge and benefits from education.

Prithviraj
Banerjee-Gr5

Adrijia Saitter Grade 5

Why Sunday School is important

Sunday School is our home away from home. It gives us a sense of belonging in our community. We can make friends that are of our religion and culture. People of the same culture have similar perspectives on topics which makes them alike. As Hindus we get to learn about our religion. As Bengalis we get to practise our language. We learn new things every class. Our teachers are full of wisdom and give us insightful advice on how to be a better person through legends like Mahabharata and Ramayan. Every class we delve in the deep topic of religion which most kids don't know much about these days. The original purpose of Sunday school is to educate pupils on Hinduism and the Hindu culture. It is a great extra-curricular activity. It develops our social skills through natoks, gita recitals, singing, dancing and helping in cultural programs. Forming committees during puja develop our leadership skills and organizational skills. It builds responsibility because we are to self-monitor ourselves during classes and during events. I always look forward to going to Sunday School every week.



Maa Saraswati

Maa Saraswati is the goddess of knowledge, literature, arts, and sciences. She is seated on a white lotus or rides on a dignified swan. The swan is a symbol of wisdom. Saraswati puja is celebrated in the Bengali month Magha in Panchami tithi. The students offer 'anjali' or flower offerings at the feet of the goddess for her blessing. Students place books near her and worship her to obtain the gift of knowledge and blessings to do well in their studies. I think she is one of the greatest goddess of all time and we should pray to her for knowledge everyday.

Debosmita Banerjee
Grade 1

If I were Prime Minister of Canada

-Santosh Kumar Roy Majumder (Riddhi), Grade 4

If I were prime minister, I would make sure there is free education and free health care. All people will be able to work and have income and if they have children, I will provide them with child care. I will work and campaign to check environment pollution. I would make sure all homeless people would have a good home and good food. I would help poor countries of the world. I will also do more business with the U.S., Mexico, South America, Europe and other friendly countries. Finally, if I were prime minister of Canada, I will try to make Canada the best country in the world.

Why Vegetables Are The Way TO GO

For some of us eating veggies are extremely important, and that's a good thing. For us that don't adore veggies much and barely consume them, it's not so much of a good thing. Here are some reasons why eating is a great thing and why people should start eating them. Firstly, eating veggies have low cholesterol levels than meats, low cholesterol means low blood pressure, low blood pressure means low chance of cardiac arrest. Secondly, veggies extremely high potassium levels which is very essential and beneficial for brain power, this increase in brain power that comes from veggies may improve your performance in academics which is always a good thing. Lastly, veggies make you live longer. This is because of all the healthy minerals vegetables contain. Due to all the positive components, veggies will decrease your chances of getting different diseases. Now, this paragraph is not telling you to stop eating meats completely but it does show why eating something other than meats can help you in the future.

Name: Sanyal, P
Grade: 8

The Importance of Vegetarianism

Vegetarianism is very important to many individuals, but why not all individuals? Here are some reasons why vegetarianism should be the number one priority to everyone. Firstly, most vegetarian meals can help in reducing risks of cancer and cardio-vascular disease. This is helpful because you get you a more higher chance of not getting cancer or cardio-vascular disease. Secondly, you will not gain much weight. So if you are trying to lose weight. It's a good decision to be vegetarian. Thirdly, you will live a longer life. You'll live a longer life because, there is not much cholesterol and fat in the vegetarian foods you can eat. In conclusion, being vegetarian is important because it can help you in many different ways.

By: Utsav Saha

Grade 8



Ma Saraswati And Her Puja

Ma Saraswati is a hindu goddess, who has four hands, each carrying a symbol. The first and last hands show that she is carrying a veena, a South Indian Instrument. The second hand shows that she is holding a pearl necklace, and the third hand shows that she is holding a small book. Ma Saraswati is the goddess of knowledge, music, art, wisdom, and learning. She is the daughter of Parvati and Shiva. Saraswati also has two brothers and a sister, Ganesha, Kartik, and Lakshmi. Ma Saraswati wears a white sari for purity and she sits on a lotus for grace. Her favorite animal is a swan.

In Saraswati Puja, all the hindu kids do art, kabatas, and speeches. The adults do a kirtan and sing mantras. One mantra is this - "Saraswati mahabag biddhe komaluchone bisharupe bish lakshmi bhikhangdhai nancotote." We also eat kichori and other vegetables on that day. In Saraswati Puja, boys had to wear pijamas and dhuties, and girls had to wear sari. All clothing had to be colourful because it was a colourful day. Every hindus had to do this puja yearly, so we can thank Ma Saraswati for the knowledge. I'm really excited for this Saraswati Puja because there are going to be more people. "The more, the merrier."

Shekdeep Purkayastha

Age: 12

Gr: 7

Ma Saraswati.

Sam Paul, Grade-4.

Saraswati is a Hindu goddess. The Vedas also mention her name. She is a goddess of speech, learning and knowledge. The legend states that she has created the Sanskrit language and invented the vina which is a musical instrument similar to a lute. The legend also says that she is the wife of Brahma and he is one of the Hindu Gods.

Samantha Purkayastha
Gr: 4
Age: 9

Ma Saraswati



Swapnil Saha

Swapnil Saha

Ma
Saraswati





Worship of Guru (Spiritual Teacher)

গুরুপূজা

Gurupuja

(One can consider father to be the spiritual teacher and continue this ritual or skip this ritual and proceed to the next step).

Guru has a high position in the development of an individual. Everyone is born ignorant with the ability to learn with chame of time. This is our natural process of evolution. It starts from the parents who teach us the basic of living. But the guru is the person who gives you a second life. He introduces his disciple to the Unknown. He is the spiritual teacher, and is respected like a God.

Literal meaning of the Sanskrit word “guru”: ‘gu’ means darkness and ‘ru’ means light. Guru is a person who represents the incandescent light of supreme consciousness which eradicates the darkness of ignorance.

Meditation

ধ্যান

Dhyan

Take a flower in both hands, hold that in front of your chest and say this mantra. At the end put that flower in a bowl in front of the Holy Pitcher or in the tamrapatra.

ধ্যায়েচ্ছিরসি শুক্লাব্জে দিনেত্রং দ্বিভূজং গুরুং ।
শ্বেতাম্বর-পরিধানং শ্বেতমাল্যানুলেপনং ।
বরাভয়করং শান্তং করুণাময়ং বিগ্রহং ।
বামেনোৎপলধারিণ্যা শক্তালিঙ্গতং বিগ্রহং ।
স্মেরাননং সুপ্রসন্নং সাধকাভীষ্টদায়কং ।

**Dhyayechchhirasi shuklabhje dwinetram
dwibhujam Gurum;**

**Swetambara paridhanam
shayetamalyanulepanam;**

**Barabhayokaram shantam kurunamaya bigraham;
Bameynotapala dharinya shaktalingata bigraham;
Smeyrananam suprasannam sadhakavistha dayakam.**

Let me meditate on the glory of my spiritual teacher who represents the incandescent light of supreme consciousness, who is dressed in a

white outfit with a white garland around the neck and sandal wood paste on forehead (signifying purity), Holding a lotus in the left hand, an image that emits confidence, Bearing a smiling and happy face, He fulfills all the wishes of the devotees.

Obeisance to Guru

গুরু প্রণাম

Gurupranam

With folded hands, in front of your chest say these three mantras.

অখণ্ড-মণ্ডলাকারং ব্যাণ্ডং যেন চরাচরং ।
তৎ পদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরুবে নমঃ ॥

**Akhanda-mandalakaram vyaptam jena
characharam;**

**Tat padm darshitam yena tasmai Shree
Gurave namah.**

(My) Salutations to respected Guru, who showed me the stature whose form pervades the entire sphere of the universe.

অজ্ঞান-তিমিরাক্ষয় জ্ঞানাজ্ঞান-শলাকয়া ।
চক্ষুরন্থীলিতং যেন তস্মৈ শ্রীগুরুবে নমঃ ॥

**Ajnaana-timirandhasya
jnaananjanashalakaya;**

**Chaksur-urmilitam yena tasmai Shree
Gurave namah.**

(My) Salutations to respected Guru, who opened the eyes of the one, who is blind due to darkness of ignorance with the flame of knowledge.

গুরুব্রহ্মা গুরুবিষ্ণু গুরুদেবো মহেশ্বর ।
গুরুঃ সাক্ষাৎ পরং ব্রহ্ম তস্মৈ শ্রীগুরুবে নমঃ ॥

**Gurur Brahma gurur Vishnuh gurur devo
Maheswarah**

**Guruh sakshat param Brahma tasmai
shree Gurave namah.**

Salutations to the preceptor who is verily Brahma, Vishnu and Maheshwara and personified as the Supreme Being.



Offerings to Guru

পঞ্চোপচারে পূজা

Panchaupacharey Puja

Place a sandalwood dipped flower on the holy pitcher and chant:

এতে গন্ধে পুষ্পে নমঃ শ্রীগুরবে নমঃ ।

Eteh gandhapushpey namah Shri gurobey namah /

I am offering this flower in reverence to my guru.

Offer a small of water on the offering plate and chant:

এতদ্ পাদ্যং নমঃ শ্রীগুরবে নমঃ ।

Eteh padyam namah Shri gurobey namah /

I am offering this water for washing my guru's feet.

Offer a small of rice with doob grass on the offering plate. This symbolizes welcome to a respectable guest:

এষ অর্ঘ্যং নমঃ শ্রীগুরবে নমঃ ।

Eteh arghyam namah Shri gurobey namah /

I am offering this arghya (rice with doob grass) in gesture of welcoming my guru

Offer a small amount of water towards the incense sticks and chant:

এষ ধূপং নমঃ শ্রীগুরবে নমঃ ।

Eteh dhupam namah Shri gurobey namah /

I am offering this incense in the name of my revered guru |

Offer a small amount of water towards the lamp and chant:

এষ দীপং নমঃ শ্রীগুরবে নমঃ ।

Eteh deepam namah Shri gurobey namah /

I am offering this lamp in the name of my revered guru |

Offer a small amount of water on the food platter (naivedya) and chant:

এতদ্ নৈবেদ্যং নমঃ শ্রীগুরবে নমঃ ।

Etehaivedyam namah Shri gurobey namah /

I am offering this food platter in the name of my revered guru |

Offer a small amount on the glass of water placed as achmania:

এতদ্ পানীয়জলং নমঃ শ্রীগুরবে নমঃ ।

Eteh paniya jalam namah Shri gurobey namah /

I am offering this glass of water in the name of my revered guru |

Paying Reverence to Guru

গুরুমন্ত্র

Gurumantra

After the prayer one repeats the name of the guru several times to express respect. The process of counting is shown in Gayatri.

জয় গুরু

Jai Guru

Victory to my guru

Following japa pay obeisance to the Guru by taking a small amount of water in the right palm and drop it off on the offering plate after chanting the mantra:

গুহ্যতি গুহ্যগোপ্তা ত্বং গ্রহাণা স্মৎ কৃতং জপং ।

সিদ্ধির্ভবতু মে দেব তৎ প্রসাদাৎ সুরেশ্বর ॥

Gujiyati gujyagopta twam grihana smat kritam japam.

Sidhir bhavatu me deva tatprasadat Sureswara.

Take away my ignorance as I surrender to your name repeatedly so that I may succeed in my endeavor by your grace, Oh the learned.

Source: New Age Purohit Darpan
Book-1, Saraswati Puja, Page- 25-27
www.aviivideo.com





Welcome to Gayatri

গায়ত্রী আবাহন

Gayatri Avahan

Call Gayatri with folded hands placed on your heart:

ওঁ আয়াহি বরদে দেবি, ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি ।
গায়ত্রি চন্দসাং মাত-ব্রহ্মযোনি নমোহস্ততে ॥

**Om aayahi baradey devi, traksharey
Brahmabadini |
Gayatricha chandasam matar-Brahmayoni
namohastutey //**

Come Oh the revered goddess, Oh the imperishable, Oh the teacher of the Vedas, Oh the mother of Gayatri meter, who came out of the supreme Lord (Brahman), allow me to bow with deep reverence.

Gayatri Meditation

গায়ত্রীধ্যান

Gayatri Dhyani

Dhyani is the process of invoking the image of the God/Goddess on the mental screen.

গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষি-গায়ত্রীচন্দঃ
সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ ।

**Gayatraya Viswamitra rishi-Gayatrichanda
Sabita devata japopanyaney biniyogah //**

Gayatri, initiated by sage Viswamitra in Gayatri meter and addressed to the sun, bringing him near, I am offering that mantra to you feeling detached from the material world.

Morning

ওঁ কুমারী-মৃগ, বেদযুতাং ব্রহ্মরূপাং বিচিন্তয়েৎ ।
হংসস্থিতাং কুশহস্তাং সূর্য্যমণ্ডল-সংস্থিতাং ॥

**Om kumarim-Rigvedajutan Brahmarupan
bichintayet
Hamsasthetam kushahastam
Suryamandala-sansthitam //**

In the morning meditate on Gayatri as a small girl, holding the sacred Rigveda, looking over the universe while sitting on a swan, holding

Kusha(the sanctified grass that captures sun's rays) in her hands; while located on the divine solar system.

High Noon

ওঁ মধ্যাহ্নে বিষ্ণুরূপাঞ্চ তাক্ষ্যস্থং পীতাবাসসং ।
যুবতীঞ্চ যজুর্বেদাং সূর্য্যমণ্ডল-সংস্থিতাং ॥

**Om madhyanhye Vishnurupancha
tarakshastham peetabasasam |
Yubatincha Yajur-vedam Suryamandala-
sansthitam //**

At noon, like Vishnu riding on his Gaduda, Gayatri takes the form of a young grown up lady, holding Yayurveda in her hands, wearing a yellow dress and located in the divine solar system.

Evening

ওঁ সায়াহ্নে শিবরূপাঞ্চ বৃদ্ধাং বৃষভ-বাহিনীং ।
সূর্য্যমণ্ডল-মধ্যাহ্নাং সামবেদ সমায়ুতাং ।

**Om sayaneh Shivarupanchya bridam
brishabha-bahining
Suryamandala-madhyastam Samaveda
samajutam //**

In the evening, like the image of Shiva, Gayatri takes the form of an old lady riding on a bull while located in the Solar system and holding the Samaveda in her hands.

Gayatri Chant

গায়ত্রী জপ

Gayatri Jap

Light is a symbol for knowledge and wisdom. Many would like to meditate on light as a formless symbol of the Supreme divine. Gayatri mantra helps in such a meditation. The following Gayatri prayer is mentioned in Rigveda and Brihadaranyaka Upanishad. It is considered as the ultimate vaidic prayer.

This is the short version of Sandhya or Gayatri prayer. The full version has been presented earlier.



ওঁ ভূ ভূবঃ স্বঃ । তৎসবিতুর্বরেন্যং ভর্গো দেবস্য ধীমহি ।
ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ ॥

**Om Bhur-Bhuba-Svah, Tat Savitur vareyna,
Vhargo devasva dhimahi. Dhio yo nah
prochodayat Om!**

Let us meditate on the glory of that effulgent reality, through which the whole universe is projected, may He enlighten our intellect.

Say the entire sentence by touching your right hand thumb either in the spaces between the horizontal natural markings on your finger or the tip of the finger. Repeat the same ten times.

Start the first number with your right hand thumb touching on the ring finger inner aspect mid segment then go down to the next segment and so forth as outlined in the attached figure.

Elaboration of Gayatri Prayer:

ওঁ ভূভূবঃস্বঃ, তৎ সবিতুর্বরেন্যং,
ভর্গো দেবস্য ধীমহি । ধিয়ো যো নঃ
প্রচোদয়াৎ ওঁ ॥

**Om Bhur-Bhuba-Svah, Tat
Savitur varenyam,
Vhargo devasva dhimahi, Dhio yo nah
prochodayat, Om!**

Om (primordial sound that represents divinity)!
In the three worlds – the physical (bhur), the
mental (bhuvah) and the spiritual (suvah) – you

that transcendental Paramatama, the adorable (barenyam) Sun (Savitur, creator of this world), destroy the darkness (bhargo, sin), with your divine effulgence (devasya). We meditate upon (dheemahi) Thee, Enlighten our intellect (dhiyo yonah pracodayat). Om!

Conclusion of Sandhya

গায়ত্রী বিসর্জন

Gayatri Bisarjan

Take a little water on your right palm, chant the following mantra and throw on the puja plate:

ওঁ মহেশ-বদনোৎপন্না বিষ্ণোর্দয়-
সম্ভবা । ব্রহ্মণা সমনুজ্জতা গচ্ছ দেবি
যথেষ্টয়া ॥

**Om Mahesha-vadanotpanna
Vishnuhridaya-sambhava /
Brahmana samnugyata
gachcha devi
jatheychchhaya ॥**

Oh goddess Gayatri, you have come from the mouth of Shiva, reside in the heart of Vishnu, and hold to the conscience of Brahma, now you can go anywhere you wish.



Counting of Gayatri is done by moving the thumb between finger segments. Counting of 10 is shown by arrow.

Source: New Age Purohit Darpan
Book-1, Saraswati Puja, Page- 20-22
www.aviivideo.com



বাংলাদেশ কানাডা স্কুল অব হিন্দুইজম এন্ড কালচারাল স্টাডিজ

টরন্টো, কানাডা, স্থাপিত: ২০০৫

সনাতনী ও সাংস্কৃতিক শিক্ষাসূচী

পরিচালনায়: বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির

বিভাগ: সনাতন ধর্ম

(১) সনাতন ধর্মের পরিচয় :

- (ক) ধর্ম বলতে কি বুঝায়, হিন্দু শব্দের উৎপত্তি
- (খ) হিন্দুধর্মের ইতিহাস, বেদ, উপনিষদ, মহাভারত, রামায়ণ এবং পৌরাণিক কাহিনী
- (গ) সনাতন ধর্মের সারমর্ম- সত্যকথন, সদাচার, জীবসেবা, জীবাত্মা-পরমাত্মা, দেব-দেবী ও ভগবানের স্ব-স্বত্ত্ব
- (ঘ) পূজা ধ্যান, জপ ইয়োগা, আসন মুদ্রা প্রভৃতি কি ও কেন?
- (ঙ) ভক্তি, শ্রদ্ধা, দয়া, প্রেম, ভালবাসা, মানবতা প্রভৃতি মানবীয় গুণাবলী
- (চ) গীতা, ভাগবত, পুরাণ এবং অন্যান্য ধর্মীয় গ্রন্থাদি ও পরিচয়।

(২) সামাজিক শিক্ষা :

- (ক) পিতা-মাতা, বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজন ও গুরুজনদের প্রতি ব্যবহার/আচার-আচরণ/কর্তব্য (সনাতনী ঐতিহ্যের আলোকে)
- (খ) পঞ্চগতন্ত্র, হিতোপদেশ প্রভৃতির গল্প
- (গ) চানক্য শ্লোক ইত্যাদি

(৩) ঐতিহ্য :

- (ক) ধর্ম, দর্শন ও বিজ্ঞানের আলোকে সনাতন ধর্মের অবদান এবং বিশ্বজনীনতা।

(৪) পরিচয়: ভগবান এবং অবতারের স্বরূপ, বাঙালি ধর্মীয় মনীষীদের জীবনী, বাণী, নিজ নিজ পরিবার ও বংশের ইতিহাস, নাম গোত্র।

- (৫) শিক্ষা সফর: ধর্মীয় পীঠস্থান, মিউজিয়াম, ঐতিহাসিক স্থাপনা ইত্যাদি।
- (৬) সনাতন ধর্ম এবং বিশ্বে প্রচলিত অন্যান্য ধর্ম সম্পর্কে ধারণা।
- (৭) বাৎসরিক উপস্থাপনা, স্মরণিকায় অংশগ্রহণ সম্পর্কে ধারণা।
- (৮) পূজা প্রশিক্ষণ ও ধর্মগ্রন্থ (বিশেষত: গীতা) শিক্ষার আয়োজন।

নির্দেশাবলী

- (১) সনাতন ধর্মাবলম্বী শিশু-কিশোর যাদের বয়স ৫-১৫ বৎসর তারা এই শিক্ষা কার্যক্রমে অংশ নিতে পারে।
- (২) সনাতন ধর্ম সম্পর্কে জানতে আগ্রহী বিশ্বের যেকোন ধর্মাবলম্বী শিশু-কিশোরদের অংশগ্রহণ সদা উন্মুক্ত।
- (৩) পাঠ্যসূচী সমূহ ইংরেজি, বাংলা এবং সংস্কৃত ভাষার সমন্বয়ে পরিচালিত হবে।
- (৪) স্কুল কর্তৃক আয়োজিত সামাজিক সাংস্কৃতিক কর্মসূচীতে অংশগ্রহণ বাধ্যতামূলক।
- (৫) যেকোন বয়সের ধর্ম শিক্ষায় আগ্রহী ব্যক্তি ধর্মশিক্ষা কার্যক্রমে (পূজা প্রশিক্ষণ কর্মসূচী) অংশ নিতে পারে।
- (৬) জুনিয়র ও হাই স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য কো-আপ/ভলান্টিয়ার কার্যক্রমের ব্যবস্থা আছে।

সঙ্গীত বিভাগ

কণ্ঠ সঙ্গীত :

- + সঙ্গীতের উৎপত্তি ও ইতিহাস
- + বিভিন্ন প্রখ্যাত সঙ্গীত সাধকের নাম
- + প্রাচ্য ও পাশ্চাত্য সঙ্গীতের পার্থক্য
- + শাস্ত্রীয় ও আধুনিক সঙ্গীত
- + সরগম শিক্ষা/কীর্তন শিক্ষা
- + সঙ্গীত শিক্ষা বিষয়ে কর্মশালা
- + উৎসব ভিত্তিক গান শিক্ষা



সঙ্গীত সহায়ক যন্ত্র (যন্ত্র সঙ্গীত)

- (ক) তবলা/মৃদঙ্গ
- (খ) করতাল (মন্দিরা)
- (গ) হারমোনিয়াম (ক্যাসেটের সাথে লহরা)
- তবলা/মৃদঙ্গ ইত্যাদি বিষয়ে অতিথি শিক্ষক আমন্ত্রণ ও কর্মশালা
- (ঘ) হারমোনিয়াম ও কীবোর্ডের পার্থক্য।
- (ঙ) সঙ্গীতে ব্যবহৃত অন্যান্য যন্ত্রাদির সাথে পরিচয়।

নৃত্য বিভাগ

- + সঙ্গীত নৃত্যের পার্থক্য
- + সনাতন ধর্মের সাথে নৃত্যের সম্পর্ক সনাতনী মুদ্রা
- + দেব-দেবীর নৃত্য ভঙ্গী (নটরাজ)

বাংলা বিভাগ

- (ক) বর্ণ, শব্দ, বাক্য
- (খ) বর্ণ ও শব্দের মধ্যে পার্থক্য
- (গ) শব্দ ও বাক্য গঠন
- (ঘ) স্বরবর্ণ ও ব্যঞ্জন বর্ণ
- (ঙ) যুক্তাক্ষর
- (চ) লিঙ্গ পরিচয়
- (ছ) বিপরীত শব্দ
- (জ) বাংলা গল্প বলা
- (ঝ) হাতের লেখা ইত্যাদি

কম্পিউটার বিভাগ

- + বাংলা বর্ণমালা ও যুক্তাক্ষরের সাথে পরিচিতি
- + বাংলা সফটওয়্যার ও কীবোর্ড পরিচিতি
- + বাংলা টাইপ
- + অপারেটিং প্রক্রিয়া
- + ফন্ট পরিচিতি
- + বিভিন্ন বাংলা ওয়েবসাইট ভ্রমণ
- + স্কুলের সময়ে উপস্থিত সকল অভিভাবকদের বাংলা কম্পিউটার কোর্সে অংশ নিতে হবে

চারুকলা বিভাগ

- (ক) সাধারণ অংকন
- (খ) চিত্রকলায় ব্যবহৃত জিনিসপত্রের ধারণা
- (গ) চিত্রকলার উদ্দেশ্য
- (ঘ) সনাতন ধর্মে ব্যবহৃত প্রতীক, যন্ত্র, চিহ্ন, মণ্ডল ইত্যাদি ধারণা
- (ঙ) অংকন বিষয়ক বিভিন্ন কর্মশালায় অংশগ্রহণ।



আমাদের শ্রদ্ধার্ঘ্য

প্রকৃতির অমোঘ বিধানে
নির্মম সত্যকে বরণ করে
যাঁরা চলে গেছেন অজানা স্থানে
যাঁদের স্মৃতি ও কীর্তি
আমাদের অনুভূতিকে আজও
স্পন্দন জাগায়
তাঁদের স্মরণে।

বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরেন্টো